কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

কর্মক্ষেত্র

বর্ষ ৪১ সংখ্যা ৩৪ কলকাতা বুধবার, ২৪ মার্চ ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১০ চৈত্র ১৪২৭ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি পরীক্ষার
নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

বর্ডার রোডস অর্গানাইজেশনে ৬২৬

মাল্টি স্কিল্ড ওয়ার্কার, স্টোর কিপার টেকনিক্যাল, ড্রাফটসম্যান-সহ বিভিন্ন পদে ৬২৬ জনকে নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। নিয়োগ করা হবে জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে। শুধু পুরুষরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 01/2021.

প্রসঙ্গত উল্লেখ্য, কর্মক্ষেত্র-র ২৪ ফেব্রুয়ারি সংখ্যায় বর্ডার রোডস অর্গানাইজেশনে ৪৫৮ শিরোনামে এই নিয়োগের খবর প্রকাশিত হয়েছিল। গত ১৮ মার্চ স্টোর কিপার টেকনিক্যাল পদে শূন্যপদ সংখ্যা বৃদ্ধি এবং দরখাস্ত পাঠানোর সময় বাড়ানো হয়েছে বলে সংস্থার তরফে জানানো হয়েছে। তাই আগ্রহী প্রার্থীদের সুবিধার্থে খুঁটিনাটি সব তথ্য-সহ পুনরায় এই নিয়োগের খবর বিশদে জানানো হল। উপরোক্ত বিজ্ঞপ্তি নম্বর অনুসারে আগে যাঁরা আবেদন করেছিলেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

শূন্যপদের বিবরণ: ড্রাফটসম্যান: ৪৩টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে আর্কিটেকচার বা ড্রাফটস-ম্যানশিপে ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ। অথবা ড্রাফটসম্যান (সিভিল) ট্রেডে ২ বছর মেয়াদের কোর্সে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

সুপারভাইজর স্টোর: ১১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে মেটেরিয়াল ম্যানেজমেন্ট বা ইনভেন্টরি কন্ট্রোল বা স্টোর কিপিংয়ে সার্টিফিকেট কোর্স পাশ। অথবা কেন্দ্রীয় বা রাজ্য সরকারের অধীনস্থ ইঞ্জিনিয়ারিং স্টোর হ্যান্ডলিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ডিফেন্স সার্ভিসের নিয়মানুসারে স্টোরম্যান টেকনিক্যাল ক্লাস-ওয়ান কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

রেডিও মেকানিক: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে রেডিও মেকানিক ট্রেডে আই টি আই কোর্স পাশ। এর পাশাপাশি রেডিও মেকানিক হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা কোনও আর্মি ইনস্টিটিউট থেকে ডিফেন্স ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে এবং রেডিও টেকনোলজি-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ডিফেন্স সার্ভিসের নিয়মানুসারে ওয়্যারলেস অপারেটর অ্যান্ড কী বোর্ড ক্লাস-১ কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ম্যাসন): ১০০টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে বিল্ডিং কনস্ট্রাকশন বা ব্রিকস ম্যাসন ট্রেডে আই টি আই সার্টিফিকেট বা ইন্ডাস্ট্রিয়াল ট্রেড সার্টিফিকেট বা ভোকেশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ। অথবা ডিফেন্স সার্ভিসের নিয়মানুসারে ম্যাসন ক্লাস-টু কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ড্রাইভার ইঞ্জিন স্ট্যাটিক): ১৫০টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪০, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে মেকানিক মোটর বা ভেহিক্যল বা ট্র্যাক্টর ট্রেডে আই টি আই সার্টিফিকেট বা ইন্ডাস্ট্রিয়াল ট্রেড সার্টিফিকেট বা ভোকেশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ। অথবা ডিফেন্স সার্ভিসের নিয়মানুসারে ড্রাইভার প্লান্ট অ্যান্ড মেকানিক্যাল ট্রান্সপোর্ট ক্লাস-টু কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

এরপর দুয়ের পাতায়

উত্তর-মধ্য রেলে ৪৮০

তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৪৮০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-মধ্য রেল। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, ওয়েল্ডার, ডিজেল মেকানিক, কার্পেন্টার এবং ইলেক্ট্রিশিয়ান ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের নোটিফিকেশন নম্বর: 01/2020/ JHS.

ট্রেড অনুসারে আসনসংখ্যা: ফিটার: ২৮৬টি (সাধারণ ১৪৫, তফসিলি জাতি ৪৩, তফসিলি উপজাতি ২১, ও বি সি ৭৭)। এর মধ্যে ৫টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৪টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেকানিক (ডিজেল):** ৮৪টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৩)। এর মধ্যে ২টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **কার্পেন্টার:** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ৮৮টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪)। এর মধ্যে ২টি আসন অস্থিসংক্রান্ত

এরপর দুয়ের পাতায়

ঝাড়খণ্ডে ৩৭০ স্টাফ নার্স

৩৭০ জন স্টাফ নার্স গ্রেড 'এ' নেবে ঝাড়খণ্ডের রাজেন্দ্র ইনস্টিটিউট অব মেডিক্যেল সায়েন্সেস। পুরুষরাও আবেদনের যোগ্য। মনে রাখবেন, পশ্চিমবঙ্গের প্রার্থীরা এ ক্ষেত্রে সাধারণ প্রার্থী হিসেবেই বিবেচিত হবেন। ঝাড়খণ্ডের প্রার্থীরাই শুধুমাত্র সংরক্ষণের সুবিধা পাবেন। তাই এখানে ১৪১টি অসংরক্ষিত শূন্যপদ নিয়েই আলোচনা করা হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১০৯৩।

শূন্যপদ: ১৪১টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি এসসি (অনার্স) নার্সিং অথবা বি এসসি নার্সিং। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি এসসি (পোস্ট সার্টিফিকেট) বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং পাশ করে থাকলেও আবেদন করা যাবে। অথবা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং মিডওয়াইফারি ডিপ্লোমা কোর্স করে থাকতে হবে। উভয় ক্ষেত্রেই স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকা বাধ্যতামূলক। পাশাপাশি, ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ৩১-৩-২০২১ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rimsjobs.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

হস্তশিল্প সামগ্রী বিক্রি করে স্বনির্ভর হওয়ার পথ দেখাচ্ছে 'নেসেসিটি ই-স্টোর'

বাংলার হস্তশিল্প সামগ্রীর চাহিদা আছে দেশে-বিদেশে। কিন্তু হস্তশিল্পীরা প্রান্তিক অঞ্চলে থাকায় ক্রেতার সঙ্গে সরাসরি যোগাযোগ গড়ে ওঠে না। বাঁকুড়ার আট যুবক নিজেদের উদ্যোগে অনলাইন স্টোর খুলেছেন কেবল বাংলার হস্তশিল্পকে দেশ-বিদেশের ক্রেতার কাছে সহজে পৌঁছে দিতে। এতে আর্থিক লাভ করছেন হস্তশিল্পীরাও। হস্তশিল্পী না হলেও এই স্টোর থেকে জিনিস কিনে বিপণনের ব্যবসাও করা যায়।

নিজস্ব প্রতিনিধি: অতিমারির প্রভাব এখনও আমরা কাটিয়ে উঠতে পারিনি। করোনাকালের কবে সমাপ্তি ঘটবে তাও আমাদের অজানা। কোভিড-১৯-এর কারণে প্রচুর মানুষের জীবন গিয়েছে, তার সঙ্গে পৃথিবী জুড়ে বহু মানুষ কর্মহীন হয়েছেন। কিন্তু সমস্যার মধ্যেও মাথা তুলে দাঁড়ানোর চেষ্টাই জীবন। অনেকেই প্রতিকূল অবস্থার মধ্যে বিভিন্ন ভাবে এগিয়ে চলেছেন। আবার অনেকেই, নিজেরা পথ চলার পাশাপাশি হাত বাড়িয়ে দিয়েছেন কর্মহীন মানুষদের দিকে।

তেমনই একটি মঞ্চ 'নেসেসিটি ই-স্টোর'।

সেখ সারজু, অঙ্কুর রায়চৌধুরী, সায়ন মুখোপাধ্যায়, সৌরভ কর, অর্কপ্রভ চৌধুরী, শিবম পাল, অরিজিৎ ধর ও রাহুল দেব দত্ত— বাঁকুড়ার এই আট কলেজপড়ুয়া মিলে তৈরি করেছেন এই মঞ্চ।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্সের ছাত্র সেখ সারজু জানালেন, 'এই মঞ্চ তৈরি করা হয়েছে হস্তশিল্পীদের কর্মসংস্থানের কথা ভেবে। তাঁদের তৈরি যাবতীয় সামগ্রী বিক্রি করা হয় 'নেসেসিটি ই-স্টোর'-এর উদ্যোগে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার শিল্পীরা আমাদের সঙ্গে জুড়ে গিয়েছেন।'

শুধু পশ্চিমবঙ্গ নয়, ভারতের যে-কোনও জায়গার শিল্পীরা তাঁদের তৈরি জিনিস

এরপর দুয়ের পাতায়

হিন্দুস্তান অ্যারোনটিক্সে ১০০ ট্রেনি

১০০ জন ম্যানেজমেন্ট ট্রেনি ও ডিজাইন ট্রেনি নেবে হিন্দুস্তান অ্যারোনটিক্স। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HAL/HR/36(98) DTMT/ 2021/01.

শূন্যপদের বিবরণ: **ডিজাইন ট্রেনি:** ৬০টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। নিয়োগ করা হবে এই সব শাখা থেকে: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, অ্যারোনটিক্যাল। **ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল):** ৪০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। নিয়োগ করা হবে এই সব শাখা থেকে: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, মেটালার্জি, কম্পিউটার সায়েন্স।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল শাখায় বি ই বা বি টেক বা সমতুল। স্নাতকে অ্যারোনটিক্যাল শাখার ক্ষেত্রে ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) এবং বাকি সব শাখার ক্ষেত্রে ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। **বয়স:** ৫-৪-২০২১ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে ৪০,০০০ টাকা। ট্রেনিং শেষে ইঞ্জিনিয়ার গ্রেড ২ পদে বেতনক্রম: ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৪ ও ২৫ এপ্রিল। অনলাইন পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল অ্যাওয়্যারনেস, ইংলিশ, রিজনিং এবং সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hal-india.co.in আবেদনের শেষ তারিখ ৫ এপ্রিল। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো স্ক্যান করে আপলোড করতে হবে (জে পি জি ফর্ম্যাটে, ১৮০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের

এরপর দুয়ের পাতায়

হিন্দুস্তান অ্যারোনটিক্সে ১০০ ট্রেনি

প্রথম পাতার পর

কোনও ফি লাগবে না। অনলাইনে এন ই এফ টি বা আই এম পি এস-এর মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

হস্তশিল্প সামগ্রী বিক্রি করে স্বনির্ভর হওয়ার পথ দেখাচ্ছে ‘নেসেসিটি ই-স্টোর’

প্রথম পাতার পর

বিক্রির জন্য বিনামূল্যে ‘নেসেসিটি ই-স্টোর’-এ নাম নথিভুক্ত করতে পারেন। আবার এঁদের কাছ থেকে হোলসেলে জিনিস কিনে ব্যবসাও করা যায়। হোলসেল ক্রেতাদের জন্য দাম যথাসম্ভব কম রাখা হয়। ‘নেসেসিটি ই-স্টোর’-এর কাছ থেকে জিনিস কিনে ব্যবসা করার জন্য বা এদের মাধ্যমে নিজের বানানো হস্তশিল্পসামগ্রী বিক্রির জন্য যোগাযোগ করুন এই নম্বরে: ৮৯০৬৭-৭৫৮৭৫ অথবা ৮৬৩৭৮-০৫৪২৮।

ওয়েবসাইট লিঙ্ক: https://www.mynecessity.in/store/ অ্যাপ লিঙ্ক: https://play.google.com/store/apps/details?id=com.teamtcb.estore ই-মেল: necessity.tcb@gmail.com

বিশ্বের দরবারে বাংলার হস্তশিল্পকে প্রতিষ্ঠা করা আমাদের উদ্দেশ্য

সেখ সারজু, *সদস্য, নেসেসিটি ই-স্টোর*

পশ্চিমবঙ্গ হস্তশিল্পের জন্য সারা পৃথিবীতে খ্যাত। এ রাজ্যের প্রতিটি জেলার হস্তশিল্প সামগ্রীই বৈশিষ্ট্যপূর্ণ ও স্বতন্ত্র। কিন্তু উপযুক্ত পরিকাঠামোর অভাবে হস্তশিল্পীদের কাজ সকলের কাছে সব সময় পৌঁছতে পারে না। তাই বাংলার হস্তশিল্পকে সমগ্র ভারত তথা বিশ্ববাসীর কাছে পৌঁছে দেওয়াই আমাদের মূল উদ্দেশ্য। এই উদ্দেশ্য নিয়ে সমমনস্ক আট বন্ধু শুরু করি ‘নেসেসিটি ই-স্টোর’। অরিজিৎ ধর বাদে আমরা সাত জন বাঁকুড়া গোয়েঙ্কা বিদ্যায়তনের প্রাক্তন ছাত্র। এখন প্রত্যেকেই বিভিন্ন কলেজে পড়ি। করোনা পরিস্থিতির সময় দেখেছি, হস্তশিল্পীদের দুরবস্থা। তাঁরা অসাধারণ সব জিনিস তৈরি করেন, কিন্তু যোগাযোগের মাধ্যম না থাকায় ক্রেতার কাছে পৌঁছয় না। করোনাকালে এই সমস্যা আরও বেড়েছে। আবার অন্য দিকে, এই কোভিড সমস্যাই আমাদের জীবনযাপনের ধরন পালটাতে বাধ্য করেছে। এখন দোকানে যাওয়ার চেয়ে অনলাইন কেনাকাটা করার ঝোঁক বেশি। আমরা দু’টিকে মিলিয়ে দিলাম। অনলাইনে বাংলার হস্তশিল্পীদের জন্য একটা প্ল্যাটফর্ম তৈরি করে ফেললাম। এর জন্য অ্যাপ ও ওয়েবসাইট তৈরি করা হয়েছে। গোটা কাজটা নিজেরাই করেছি। পাশাপাশি আছে আমাদের ফেসবুক পেজও।

হস্তশিল্পীদের পক্ষে উন্নত মানের প্যাকিং করে কুরিয়ার করা সম্ভব নয়। সেই দায়িত্বটা আমরা নিয়েছি। শিল্পীদের সঙ্গে কথা বলে, তাঁদের কাছ থেকে জিনিস এনে, ক্রেতাদের সঙ্গে যোগাযোগ করে তাঁদের ঠিকানায় কুরিয়ারের মাধ্যমে পাঠানোর দায়িত্ব নিজেরাই সামলাই। কোনও মিডলম্যান নেই।

সোশ্যাল মিডিয়ার মাধ্যমে আমাদের সম্পর্কে লোকে জেনেছেন। আমাদের অ্যাপ ও ওয়েবসাইটে সব জিনিসের ছবি ও দাম দেওয়া আছে। সেখান থেকে দেখে যে কেউ অর্ডার দিতে পারেন। ইতিমধ্যে আমরা কলকাতা সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা, দিল্লি, মুম্বই, উত্তরপ্রদেশ, বেঙ্গালুরু, পুনে, এমনকী কানাডা, আমেরিকা থেকেও অর্ডার পেয়েছি। টেরাকোটা, ডোকরা, ছৌ মুখোশ, মাটির বাসন, কাঠ, বাঁশের তৈরি বিভিন্ন জিনিস— এক কথায় গোটা বাংলার হস্তশিল্পের সম্ভার নিয়ে তৈরি হয়েছে আমাদের ওয়েবসাইট ও অ্যাপ। এটা হস্তশিল্পীদের নিজেদের মঞ্চ।

যেসব উৎসাহী শিল্পী মঞ্চে যোগ দিতে চান, তাঁদের কাছে গিয়ে আমাদের দলের সদস্যরা তাঁদের কাজ পরখ করে আসেন। যাওয়া সম্ভব না হলে ছবি পাঠাতে বলা হয়। যেহেতু বিশ্বের দরবারে বাংলার হস্তশিল্পকে প্রতিষ্ঠা করা আমাদের অন্যতম উদ্দেশ্য, তাই মানের উপর আমরা জোর দিই।

নিজের বানানো হস্তশিল্পসামগ্রী বিক্রির জন্য আমাদের সংস্থায় অন্তর্ভুক্ত হতে চাইলে হস্তশিল্পীদের কোনও মূল্য দিতে হয় না। শিল্পীদের কাছ থেকে জিনিস আনার সময় বা ক্রেতাকে কুরিয়ার করে পাঠানোর সময় কোনও জিনিস ভেঙে গেলে তা হস্তশিল্পীর কাছে ফেরত পাঠানো হয় না, বরং তার পুরো দাম আমরা শিল্পীকে দিয়ে দিই। এছাড়া প্যাকিংয়ের যাবতীয় খরচ আমরা বহন করি। মূলত এই দু’টি কারণের জন্য লভ্যাংশের পাঁচ থেকে দশ শতাংশ আমরা রাখি। আমরা প্রত্যেকেই কলেজে পড়াশোনার পাশাপাশি এই কাজটা করছি। বাড়ি থেকে, পরিচিতদের কাছ থেকে নিরন্তর অনুপ্রেরণা ও উৎসাহ পাচ্ছি।

এমন অনেকেই আছেন যাঁরা হস্তশিল্পী নন, কিন্তু ‘নেসেসিটি ই-স্টোর’-এর জিনিস বিক্রি করে স্বনির্ভর হতে চান, তাঁরাও স্বাগত। হোলসেল ক্রেতাদের জন্য দাম যথাসাধ্য কম রাখার চেষ্টা করছি। সবার কাছে অনুরোধ, এই উদ্যোগের পাশে থাকুন এবং বাংলার হস্তশিল্প ও শিল্পীদের পাশে দাঁড়ান।

উত্তর-মধ্য রেলে ৪৮০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

প্রথম পাতার পর

প্রতিবন্ধীদের জন্য এবং ১টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। **বয়স:** ১৭-৩-২০২১ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mponline.gov.in আবেদনের শেষ তারিখ ১৬ এপ্রিল। মনে রাখবেন, আবেদনের আগে প্রার্থীকে অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://apprenticeshipindia.org/ আবেদনপত্র পূরণের সময় রেজিস্ট্রেশন নম্বরের প্রয়োজন হবে।

ফি বাবদ দিতে হবে ১৭০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ফি জমা দিতে হবে।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ncr.indianrailways.gov.in

বর্ডার রোডস অর্গানাইজেশনে ৬২৬

প্রথম পাতার পর

স্টোর কিপার টেকনিক্যাল: ৩১৮টি (সাধারণ ১৩৪, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২১, ও বি সি ৮৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ভেহিক্যালস বা ইঞ্জিনিয়ারিং ইকুইপমেন্ট স্টোর কিপিং বিষয়ে জ্ঞান থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। অথবা ডিফেন্স সার্ভিসের নিয়মানুসারে স্টোরম্যান টেকনিক্যাল ক্লাস-টু কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

ড্রাফটসম্যান পদের ক্ষেত্রে নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

সব ক্ষেত্রেই ৬-৪-২০২১ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: উচ্চতা: ১৫৭ সেমি (গোর্খা এবং দার্জিলিং ও কালিম্পংয়ের পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৮০ সেমি হতে হবে। ন্যূনতম ওজন হতে হবে ৫০ কেজি (গোর্খা এবং দার্জিলিং ও কালিম্পংয়ের পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ৪৭.৫ কেজি)।

দৃষ্টিশক্তি: চশমা-সহ বা চশমা ছাড়া ভালো চোখে ৬/১২ এবং খারাপ চোখে ৬/৩৬। বর্ণান্ধতা থাকা চলবে না। প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। সবশেষে নেওয়া হবে মেডিক্যাল এক্সামিনেশন। পরীক্ষাকেন্দ্র পুণে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে; www.bro.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে। একাধিক পদে আবেদনের ক্ষেত্রে একাধিক দরখাস্ত করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু’কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করে দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না।
- ✓ই-রিসিপ্টের কপি।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেটের জন্য যথাযথ ভাবে পূরণ করা অ্যাপেন্ডিক্স ‘ডি’।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের জন্য যথাযথ ভাবে পূরণ করা যথাক্রমে অ্যাপেন্ডিক্স ‘বি’ ও ‘সি’ (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রাক্তন সমরকর্মী এবং সমরকর্মীর পরিবারের সদস্যদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓যথাযথ ভাবে পূরণ করা অ্যাডমিট কার্ড।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন: 'APPLICATION FOR THE POST OF ____ CATEGORY UR/SC/ST/OBC/EWSs/ESM/CPL, WEIGHTAGE PERCENTAGE IN ESSENTIAL QUALIFICATION ____.'

৬ মে-র মধ্যে অ্যাকনলেজমেন্ট-সহ রেজিস্ট্রি ডাকের মাধ্যমে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Commandant, GREF CENTRE, Dighi Camp, Pune - 411 015. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

Wanted teachers in English, Math, Physical Science, History, Bengali, Computer Sc., Life Sc. having qualification Hons./ PG preferably trained may apply to Secretary, Sree Ramkrishna Ashram Vidyapith (Madhyamik) At + P. O.: Khar (near S D O Office, Egra), Dist: Purba Medinipur, Pin-721 429 within 15th day, with full Bio Data and Contact number. N. B. (1) For Hostel teacher any graduate with experience may apply. (2) Accounts Clerk (if any experience with computer). S. P. Das, Contact Nos.: 98007-77211 / 78723-91439 / 94743-49241.

□

সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম কোম্পানি, শপিংমল, ফ্যাক্টরি, টাওয়ার Co., ATM-এ কর্মী নিয়োগ চলছে। বেতন: (12,500/- – 18,000/-) থাকা খাওয়া ফ্রী। R. E, R. B. Lane, Kol-09, (M): 82748-59339.

□

Flylink Hotel School সার্টিফিকেট ডিপ্লোমা অ্যান্ড ডিপ্লোমা কোর্স করে বিদেশে ও দেশে চাকরি নিশ্চিত। fshm.co.in 84202-27546 / 033-4061-1693.

□

সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম কোম্পানি শপিংমল, ফ্যাক্টরি, টাওয়ার Co.-তে ATM গার্ড পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,500/- – 18,000/- থাকা খাওয়া ফ্রী। M. G, R. B. Lane, Kol-9, (M): 78725-38656.

□

বিনা ডোনেশনে স্থায়ী কাজ

জেলাভিত্তিক কোম্পানি, ফ্যাক্টরি, অফিস, শপিংমল, শোরুম, Pvt. নার্সিং হোম, ব্যাঙ্ক (DSA), এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে কাজের জন্য কর্মী চাই। বেতন: (12,600/- – 18,700/-), M. J. S, Kol-9. (M): 91237-84868.

□

আর্জেন্ট ভ্যাকান্সি
জব গ্যারান্টি হবেই

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 43,700/-. থাকা খাওয়া ফ্রী। A. G. বিধাননগর, Kol-54, (M): 74073-30471.

□

এয়ারপোর্ট ও মেট্রোতে জব

Govt. Reg. No: 2983 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 42,700/-, থাকা খাওয়া ফ্রী। S. C, G. C. Kol-59. M: 83709-56460.

□

এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D, C. Avenue, Kol-07. (M): 83709-73452.

□

শূন্যপদ 178

কলকাতা Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে ৮ম-স্নাতক SV, চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, হাউসকিপার ও অন্যান্য বিভিন্ন পদে নিয়োগ। বেতন: 16,200/- – 32,700/-, ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রী। B.E. চিনার পার্ক, Kol-157, (M) : 89022-90657.

□

কর্মখালি

আর্জেন্ট ভ্যাকান্সি

দমদম Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,700/- – 42,300/-, থাকা-খাওয়া ফ্রী। A. C, কলেজ স্ট্রীট মোড়, Kol-13, (M): 74073-30329.

□

SBI/HDFC/AXIS/UCO ব্যাঙ্কিং প্রসেসে স্মার্ট বাংলাভাষী M/F (18-34), সরাসরি নিয়োগ। 12,812/- – 38,647/- (ESI+PF+INC.). W2C, Kol-56. বেলঘরিয়া/বাগুইআটি: 83348-59516, হাওড়া/গড়িয়া: 90513-83837.

□

VACANCY

কলকাতা Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 217 জন চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, প্যাকিং-এ ও অন্যান্য পদে (৮ম-স্নাতক) নিয়োগ। বেতন: 16,200/- – 36,700/-. ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রী। D. M. VIP, কেষ্টপুর, Kol-1, (M): 94337-48766.

□

আর্জেন্ট কাজের সুযোগ

এই সর্বপ্রথম পঃবঙ্গের Govt. RL No- 8250 প্রাপ্ত Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 7 দিনে স্পট জয়েনিং। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,400/- – 43,900/-. Ex আর্মির বিশেষ সুযোগ। S. J. S, Kol-9. (M): 74073-30445.

□

এক ফোনে চাকরি

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,700/- – 47,300/-, থাকা-খাওয়া ফ্রী। Y. J. L, P. S, Kol-56. (M): 83709-79937.

স্কুল-কলেজ শিক্ষা

প্রাইমারি টিচার্স ট্রেনিং (1/2 বছর)
ANM নার্সিং ট্রেনিং (2 বছর)
ফিজিওথেরাপি ট্রেনিং (1/2 বছর)
কোর্সে ভর্তি চলছে। **App. by BSS &** NSDC Govt. of India. চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute, বেলেঘাটা-ফুলবাগান: 92315-51285 / 92301-13485.

□

টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারী, প্রাইমারী ও মন্তেস্বরী টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। Approved by B.S.S Govt. of India & IAO (USA). Placement Assistance. কবিগুরুপাঠভবন, শ্যামবাজার, টালিগঞ্জ, হাওড়া: 98308-15220 / 90510-74736.

□

অ্যাথেনা নার্সিং ব্যাঙ্গালোর

G.N.M, B.Sc, PB-B.Sc, M.Sc কোর্সে ভর্তি চলছে (2021-22) সেশানে College Authorised Admission Office, Kolkata (M) : 86208-28529/ 93301-03495/033-4006-2599.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৭ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

৭ এপ্রিলের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

সরকারি প্রযুক্তি প্রতিষ্ঠানে চাকরি

অফিস অ্যাটেন্ড্যান্ট, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার-সহ বিভিন্ন পদে ৫৬ জনকে নেবে সুরাটের সর্দার বল্লভভাই ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি। এটি কেন্দ্রের শিক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান।

শূন্যপদের বিবরণ: **অফিস অ্যাটেন্ড্যান্ট**: ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৩০৫৭।

লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট: ৩টি (সাধারণ)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৩০৫৪।

জুনিয়র ইঞ্জিনিয়ার: সিভিল ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১), ইলেক্ট্রিক্যাল ২টি (সাধারণ)।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৩০৫৩।

সিনিয়র অ্যাসিস্ট্যান্ট: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৩০৫৫।

সুপারিন্টেন্ডেন্ট: ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৩০৫২।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট: ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৩০৫৬।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.svnit.ac.in দরখাস্তের শেষ তারিখ ১৯ এপ্রিল। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ও ফি দিয়ে পাওয়া রশিদ-সহ দরখাস্তের প্রিন্ট আউট-ভরা খামের উপর প্রার্থী যে-পদের জন্য দরখাস্ত করেছেন তার নাম ও অ্যাপ্লিকেশন আই ডি লিখে দেবেন। দরখাস্ত স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে ২৯ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Deputy Registrar (Establishment), Sardar Vallabhbhai National Institute of Technology (SVNIT), Ichchhanath, Dumas Road, Surat-395007, Gujarat.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

প্রতিরক্ষা মন্ত্রকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৪৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হাই এনার্জি মেটিরিয়ালস রিসার্চ ল্যাবরেটরি। এটি কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে প্রার্থীদের বিভিন্ন শাখায় বিভিন্ন ক্যাটেগরিতে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: HEMRL/HRDKC/APPRENT-TRG/2021-22/01.

ট্রেড অনুসারে আসনবিন্যাস: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ২০টি। পলিমার টেকনোলজি: ১০টি। মেটিরিয়াল সায়েন্স ইঞ্জিনিয়ারিং: ৫টি। মেটালার্জি: ১টি। কম্পিউটার সায়েন্স: ১টি। ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৩টি। লাইব্রেরি সায়েন্স: ২টি। সিভিল ইঞ্জিনিয়ারিং: ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রি। কেবল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং পলিমার টেকনোলজির ক্ষেত্রে টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস বা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারীরাও আবেদন করতে পারেন।

স্টাইপেন্ড: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস বা ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৮,০০০ টাকা, বাকি সব ক্ষেত্রে ৯,০০০ টাকা।

বয়স: ৯-৪-২০২১ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

এর পর প্রার্থীকে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in রেজিস্ট্রেশনের পর পূরণ করা আবেদনপত্র, প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে পি ডি এফ ফর্ম্যাটে মেল করতে হবে এই আই ডি-তে: ejournal@hemrl.drdo.in সাবজেক্ট বারে লিখবেন 'Application for Apprentices'

মেল করার পর প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৯ এপ্রিলের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, HEMRL, Sutarwadi, Pune-411021.

আবেদনপত্রের বয়ান

APPLICATION FORMAT

1. Name of the post applied for ____________
2. Name in block letters ____________
3. Father's Name ____________
4. Date of birth & age (as on advt. closing date) ______
5. Gender (M/F/TG) ____________
6. Category (UR/OBC/SC/ST/PWD) ____________
7. Address for correspondence with PIN code ____________
8. Contact Numbers (Mobile) ____________
9. Educational Qualification ____________

[Recent photograph]

Qualification	Subject	University	Year of passing	Percentage of Marks	Division

10. Work experience (if any)
11. Any information

Declaration: I hereby declare that the above furnished particulars are correct and no information is suppressed. I certify that I was not engaged in apprenticeship training in any Govt. Org. including any other labs or DRDO. I also understand that my candidature is provisional if any information is found incorrect at any stage then will be liable for any action taken by the authority as per existing rules/law.

Signature of the Candidate

Place: ....

Date: ....

সুলতানিয়া ইনফ্যান্ট্রিতে বিভিন্ন পদে চাকরি

বিভিন্ন পদে ২৫ জন কর্মী নিয়োগ করবে ভোপালের সিলেকশন সেন্টার সেন্ট্রাল সুলতানিয়া ইনফ্যান্ট্রি লাইনস। নিয়োগ করা হবে মেস ওয়েটার, ওয়াচম্যান, সুইপার, মশালচি-সহ বিবিধ পদে।

শূন্যপদের বিন্যাস: মেসেঞ্জার: ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। রুম অর্ডার্লি: ১টি (ও বি সি)। ওয়াচম্যান: ৪টি (সাধারণ ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কুক: ২টি (সাধারণ)। মেস ওয়েটার: ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মশালচি: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। সুইপার: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। **বয়স**: ৯-৪-২০২১ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন। **বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে প্রশ্ন হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓তিন কপি পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর দু'টি ফটোর পিছনে প্রার্থীর নাম ও পিতার নাম লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়সের প্রমাণপত্রের নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার নথিপত্রের নকল।
- ✓এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন কার্ডের (থাকলে) নকল।
- ✓নাম-ঠিকানা লেখা ও নির্দিষ্ট মূল্যের ডাকটিকিট সাঁটানো দু'টি খাম।

৯ এপ্রিলের মধ্যে সাধারণ ডাকে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Administrative Officer, Selection Centre Central, Sultania Infantry Lines, Bhopal (MP)-462001.

দরখাস্তের বয়ান

APPLICATION FORM

1.	Name of the Applicant (In block letters)	Passport size photograph
2.	Father's Name	
3.	Sex	
4.	Date of Birth	
5.	Post for which applied (Single entry only)	
6.	Full postal Address	
7.	Permanent Address	
8.	Nationality & Religion	
9.	Caste	
10.	Educational qualification minimum Class 10th or equivalent (Photocopy of Mark Sheet and Certificate to be attached)	
11.	Employment Exchange Registration Card Number (if any)	

Date: ....   (Signature of applicant)

হিন্দুস্তান পেট্রোলিয়ামে ২০০

২০০ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন। মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল এবং ইনস্ট্রুমেন্টেশন শাখায় ই-টু গ্রেডে নিয়োগ করা হবে। প্রবেশন ১ বছরের।

শাখানুসারে শূন্যপদের বিবরণ: মেকানিক্যাল ১২০টি, সিভিল ৩০টি, ইলেক্ট্রিক্যাল ২৫টি, ইনস্ট্রুমেন্টেশন ২৫টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৯৩, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৪৯, আর্থিক ভাবে অনগ্রসর ২০।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল বা মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এবং ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

বয়স: ৩-৩-২০২১ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, গ্রুপ টাস্ক এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইন্টেলেকচুয়াল পোটেনশিয়াল টেস্ট এবং সংশ্লিষ্ট বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindustanpetroleum.com দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি এবং মোবাইল নম্বর থাকতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জি এস টি-সহ)। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউ পি আই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

এন বি সি সি-তে ম্যানেজমেন্ট ট্রেনি

সিভিল ও ইলেক্ট্রিক্যাল শাখায় ৩৫ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে এন বি সি সি (ন্যাশনাল বিল্ডিংস কনস্ট্রাকশনস কর্পোরেশন)। এটি কেন্দ্রের হাউজিং অ্যান্ড আর্বান অ্যাফেয়ার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। গেট-২০২০ পরীক্ষায় উত্তীর্ণরাই আবেদনের যোগ্য। প্রথমে ১ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০২১।

শাখা অনুসারে শূন্যপদ: সিভিল: ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ইলেক্ট্রিক্যাল: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। প্রার্থীকে অবশ্যই গেট-২০২০ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

বয়স: ২১-৪-২০২১ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রাথমিক ভাবে গেট-২০২০ স্কোর কার্ডের ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের পার্সোন্যাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nbccindia.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৪০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট বা দৈহিক সক্ষমতার সার্টিফিকেট বা আর্থিক অনগ্রসরতার সার্টিফিকেট (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) এবং গেট ২০২০ স্কোর কার্ড (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

ফি জমা দেওয়ার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

JOBS IN MERCHANT NAVY
100% Placement Guarantee
SALARY 18000 - 65000/MONTH
6 MONTHS TRAINING IN "TCMT"
COURSE OFFERED
- GENERAL PURPOSE RATING(GPR)
- CERTIFICATE COURSE IN MARITIME CATERING(CCMC)
TRIDENT COLLEGE OF MARINE TECHNOLOGY
(APPROVED BY D.G. SHIPPING, MINISTRY OF SHIPPING, GOVT. OF INDIA)
ADMISSION HELPLINE FOR ONLINE BOOKING
+919874027812 | +919831280226
www.tcmtindia.com
facebook
Google play
SCHOLARSHIP
& BANK LOAN AVAILABLE

D.A.V. Teachers' Training College
Giridih-815302 (Jharkhand)
(Managed by DAV College Managing Committee, New Delhi)
Mobile - 9955825650, 8292229111 (Wattsapp)
E-mail-bnsdavttc@gmail.com

Walk in Interview

S.No.	Post	No. of Post	Qualification
1.	Lecturer	10	M.A/ M/Sc./M.Com./M.Ed
2.	Driver	02	10th / 12th (With Driving Licence)
3.	Peon	04	10th / 12th
4.	Computer Operator	02	BCA

Note:- NET or Ph.D can also apply through mail along with all testimonials.

Date of Interview- intimated by phone.

কারেন্ট অ্যাফেয়ার্স

২৫ ফেব্রুয়ারি-২ মার্চ

২৫ ফেব্রুয়ারি বাক স্বাধীনতার অধিকার সংবিধান প্রদত্ত অধিকার বলে সুপ্রিম কোর্ট বহুবার জানালেও কেন্দ্রীয় সরকার তাদের যুক্তিতে জানিয়েছে বাক স্বাধীনতার অধিকার কখনওই 'অপরিসীম' হতে পারে না। এক্ষেত্রে তারা সংবিধানের ১৯(২) ধারাকে তুলে ধরেছে যেখানে বলা হয়েছে, দেশের সার্বভৌমত্ব, অখণ্ডতা ও জাতীয় নিরাপত্তার সঙ্গে যদি মত প্রকাশের স্বাধীনতার কোনও বিরোধ বাধে বা এর ফলে মনে হয় দেশের বিপদ আছে, সে ক্ষেত্রে কিছু বিধিনিষেধ আরোপ করা যায়।

সিরিয়ায় ফের মার্কিন বিমান হানায় বিশ্ব জুড়ে ধস শেয়ার বাজারে

২৬ ফেব্রুয়ারিঃ সিরিয়ায় নতুন করে মার্কিন বিমান হানায় বিশ্বজুড়ে ধস নামল শেয়ার বাজারে। ক্ষমতায় আসার একমাস পরেই নতুন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন সিরিয়ার পূর্বাঞ্চলে ইরান সমর্থিত মিলিশিয়াদের ঘাঁটিগুলিতে নিয়ন্ত্রিত বিমান হামলার নির্দেশ দিলেন পেন্টাগনকে। এই খবর ছড়িয়ে পড়তেই বিশ্বের প্রায় সব শেয়ার বাজারেই কম-বেশি ধস নামে। মুম্বই শেয়ার বাজারের দুই প্রধান সূচক সেনসেক্স ও নিফটি যথাক্রমে ১৯৩৯.৩২ পয়েন্ট ও ৫৬৮.০ পয়েন্ট তলিয়ে যায়। ওই ধসে উবে যায় বিনিয়োগকারীদের ৫.৩৭ লক্ষ কোটি টাকা।

জ্বালানির মূল্যবৃদ্ধি রুখতে পথে নেমে বিরোধী ঐক্যের ডাক দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কেন্দ্রের বিজেপি সরকারকে 'চোর ডাকাত লুঠেরার সরকার' বলে তোপ দেগে তাদের ইস্তফা দাবি করেছেন মমতা। পেট্রোপণ্যের দামবৃদ্ধির প্রতিবাদ জানাতে এদিন কালীঘাটের বাড়ি থেকে পুরমন্ত্রী ফিরহাদ হাকিমের ইলেকট্রিক স্কুটিতে চড়ে নবান্ন যান মুখ্যমন্ত্রী। বিকেলে সেই স্কুটিতেই বাড়িও ফেরেন তিনি। ইলেকট্রিক স্কুটিতে যাওয়া আসার ব্যাখ্যা হিসেবে মমতা বলেন, 'এই অভিযানের উদ্দেশ্য একটাই। যে ভাবে পেট্রল-ডিজেল-গ্যাসের দাম বেড়ে চলেছে তার বিরুদ্ধে প্রতিবাদ জানানো।'

আমেদাবাদের মোতেরায় সিরিজের তৃতীয় টেস্টে ইংল্যান্ডকে ১০ উইকেটে হারিয়ে দিল ভারত। ফলে দু'দিনের মধ্যে শেষ হল গোলাপী টেস্ট। এই জয়ের ফলে চার টেস্টের সিরিজে ভারত এগিয়ে গেল ২-১। টেস্ট ক্রিকেটে ৪০০ উইকেটের ক্লাবে ঢুকে পড়লেন রবিচন্দ্রন অশ্বিন। দু'ইনিংসে ১১ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন অক্ষর প্যাটেল। এ দিনের জয়ে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের জন্য এক ধাপ এগিয়ে গেল বিরাট কোহলির টিম। সিরিজের শেষ টেস্টে না হারলেই ফাইনালে চলে যাবে ভারত। এই জয়ের আর একটি তাৎপর্য হল, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে এত কম বলে (৮৪২) কোনও টেস্ট শেষ হয়নি। ১৯৩৫-এর পর থেকে দৈর্ঘ্যের বিচারে এটি হল সপ্তম ক্ষুদ্র টেস্ট।

২৬ ফেব্রুয়ারি সন্ত্রাসবাদী কাজকর্মে অর্থনৈতিক জোগানের উপর নজরদারি চালানো সংগঠন ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (এফটিএফ)-এর ধূসর তালিকাতেই থাকল পাকিস্তান। সন্ত্রাস দমনে পাকিস্তান কতটা সক্রিয়, তা যাচাই করতে ৩ দিন ধরে ভার্চুয়াল মাধ্যমে বৈঠক চলছিল। সেখানেই সংগঠনের আধিকারিকদের এই সিদ্ধান্ত গৃহীত হয়। এফটিএফ-এর প্রেসিডেন্ট মার্কাস প্লেয়ার বলেন, 'সন্ত্রাসবাদী কাজকর্মে আর্থিক জোগান বন্ধ করায় পাকিস্তানের তরফে খামতি রয়ে গিয়েছে। তাই আগামী দিনেও বাড়তি নজরদারি থাকবে তাদের উপর।'

“স্বাধীনতার পরে ৭০ বছর কেটে গিয়েছে। বিভিন্ন রাজ্য উন্নয়নমূলক প্রকল্প চালাচ্ছে। আমাদের কি মানতে হবে কোনও উন্নয়ন হয়নি এবং অনগ্রসর কোনও শ্রেণিই অগ্রসর হয়নি?”

সুপ্রিম কোর্ট

শিক্ষা ও চাকরি ক্ষেত্রে সংরক্ষণ আর কত প্রজন্ম ধরে চলবে সেই প্রশ্ন তুলে

২০০৭ সালের টি-টোয়েন্টি এবং ২০১১ সালের ওয়ান ডে বিশ্বকাপ জয়ী টিমের সদস্য ইউসুফ পাঠান ক্রিকেট থেকে অবসর নিলেন। ২০২০ সালে রঞ্জি ট্রফির পর আর খেলেননি। ভারতের হয়ে শেষ ম্যাচ খেলেছিলেন জোহানেসবার্গে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ২০১২ সালের মার্চে। কলকাতা নাইট রাইডার্সের জোড়া আইপিএল জয়ী টিমের সদস্য তিনি। আইপিএল খেতাব জিতেছেন রাজস্থান রয়্যালসের হয়েও।

২৭ ফেব্রুয়ারি বিধানসভা ভোটের নির্ঘণ্ট প্রকাশিত হওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই রাজ্য প্রশাসনে রদবদল শুরু হল নির্বাচন কমিশনের নির্দেশে। এদিন রাজ্য পুলিশের এডিজি (আইনশৃঙ্খলা) জাভেদ শামিমকে সরিয়ে দিল কমিশন। তাঁর জায়গায় নতুন এডিজি (আইনশৃঙ্খলা) করা হয়েছে বর্তমান ডিজি (দমকল) জগমোহনকে। জাভেদকে দমকলের নতুন ডিজি করা হয়েছে।

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে সব্যসাচী বসু রায়চৌধুরির মেয়াদ আরও একবছর বহাল রইল। রাজ্যের উচ্চশিক্ষা সচিব মণীশ জৈনের গত ২৫ ফেব্রুয়ারির বিজ্ঞপ্তি অনুযায়ী এ কথা জানা গিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয় এ বছরের ১৮ মার্চ তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। কিন্তু ওই পদে সব্যসাচী বসুকে রেখে দেওয়ার জন্য গত ৩ ও ১৮ ফেব্রুয়ারি আচার্যের কাছে অনুমোদনের জন্য প্রস্তাব পাঠায় উচ্চশিক্ষা দপ্তর। ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত আচার্য তা অনুমোদন না করায় ২০২২-এর ১৮ মার্চ পর্যন্ত সব্যসাচীবাবুকেই বহাল রাখা হয়েছে।

জেসুইট বিশপ লিনাস নির্মল গোমস (১০০)-এর জীবনাবসান হল। ১৯৭৭ সালে তিনি বারুইপুর ক্যাথলিক ডায়োসেস-এর প্রথম বিশপ হন। পরে তাঁকে বিশপ এমেরিটাস হিসাবে ঢাকায় পাঠানো হয়। ১৯৭৭ থেকে ২০১৪ পর্যন্ত তিনি সেখানকার জেসুইট মিশনে কাজ করেন। গত ৭ বছর ধরে তিনি ছিলেন সেন্ট জেভিয়ার্স কলেজের জেসুইট কমিউনিটির প্রবীণতম ক্লার্গি।

২৮ ফেব্রুয়ারি মায়ানমারে সেনা-শাসনের বিরুদ্ধে প্রতিবাদ করতে গিয়ে সেনার গুলিতে ১৮ জনের মৃত্যু হল। ১ ফেব্রুয়ারি সেনা অভ্যুত্থান ঘটেছিল মায়ানমারে। গণতান্ত্রিক ভাবে নির্বাচিত প্রশাসনিক নেত্রী আং সান সু কি-কে গৃহবন্দি করে দেশের শাসন ক্ষমতার দখল নেয় সেনা। কিন্তু মায়ানমারের সাধারণ মানুষ সু কি-র মুক্তির দাবিতে কয়েক সপ্তাহ ধরেই বিক্ষোভ দেখাতে থাকেন। এদিনও সেই দাবিতেই পথে নেমেছিলেন হাজার হাজার মানুষ। রাষ্ট্রপুঞ্জে মানবাধিকার বিভাগ সূত্রে জানানো হয়েছে, ছ'টি শহরে প্রতিবাদকারীদের উপর গুলি চালায় সেনা ও পুলিশ। তাতেই প্রাণ গিয়েছে বিক্ষোভকারীদের।

ফেব্রুয়ারির শুরুতে দেশে দৈনিক করোনা সংক্রমণের সংখ্যা যেখানে আট হাজারের ঘরে নেমেছিল, মাসের শেষদিন সেই সংখ্যাটা পেরিয়ে গেল ১৬ হাজারের গণ্ডি। গত একমাসের মধ্যে এটাই সর্বোচ্চ। মানুষের গা ছাড়া মনোভাব, মাস্ক পরতে অনীহা বিপদ ডেকে আনছে বলে প্রশাসনের কর্তারা মনে করছেন। এই পরিসংখ্যান করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউয়ের ইঙ্গিত বলেও আশঙ্কা করছেন তাঁরা।

ব্রিগেডে সভা সংযুক্ত ফ্রন্টের

২৮ ফেব্রুয়ারিঃ বাম-কংগ্রেস ও ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট (আইএসএফ)-এর ডাকা ব্রিগেড সভায় দেখা গেল সিপিএম-এর তরুণ প্রজন্মের জোয়ার। তবে বাম-কংগ্রেস এবং বাম-আইএসএফ-এর মধ্যে জোট নিয়ে সমঝোতা হয়ে গেলেও কংগ্রেস ও আইএসএফ-এর অবস্থান নিয়ে কিছুটা হলেও তাল কাটল জোটের ঐক্যে। আসনরফা নিয়ে কংগ্রেসের কাছ থেকে কোনও ভিক্ষা নয়, সরাসরি 'ভাগিদারি' ও 'হক' দাবি করলেন আইএসএফ প্রধান ফুরফুরা শরিফের পিরজাদা আব্বাস সিদ্দিকি। সিপিএম পলিটব্যুরো সদস্য মহম্মদ সেলিম বলেন, 'আমরা এই জোটকে মসৃণ করার কাজ করছি। আলোচনা চলছে।

১ মার্চ দীর্ঘ প্রায় এগারো মাস পর রাজ্যে করোনায় মৃত্যু শূন্য থাকল এই দিন। রাজ্য স্বাস্থ্য দপ্তরের তরফে দেওয়া কোভিড বুলেটিনে বলা হয়েছে ২৪ ঘণ্টায় একজনও করোনার বলি হননি। যদিও এতে আত্মতুষ্টির কারণ দেখছেন না স্বাস্থ্যকর্তারা। রোজই মৃত্যুর সংখ্যাটা ১ থেকে ৬-এর মধ্যে ঘোরাফেরা করছে। সেখানে একদিন কোনও মৃত্যু না হওয়াটাকে এখনই বিরাট ব্যাপার বলতে চাইছেন না বিশেষজ্ঞরা।

জরুরি অবস্থা জারি ভুল ছিল, মানলেন রাহুল

২ মার্চঃ প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জারি করা জরুরি অবস্থা 'ভুল' ছিল বলে মেনে নিলেন রাহুল গান্ধী। তবে তিনি এর সঙ্গে আরও বলেছেন, বর্তমান সময়ের চেয়ে সেই সময়টা অনেকটা আলাদা, কারণ কংগ্রেস কখনওই দেশের মৌলিক কাঠামো পাল্টানোর চেষ্টা করেনি। কিন্তু রাহুল অভিযোগ করেন, এখন আরএসএস, যা বিজেপির ধাত্রী সংগঠন, তারা সর্বত্র নিজেদের লোককে বসিয়ে সেই চেষ্টাটাই করছে। রাহুল বলেন, 'আমরা যদি বিজেপিকে হারিয়েও দিই তবু প্রাতিষ্ঠানিক কাঠামো থেকে ওদের লোকেদের সরাতে পারব না।' এই প্রসঙ্গে মধ্যপ্রদেশে কংগ্রেসের ক্ষমতা হারানো প্রসঙ্গে তিনি বলেন সে রাজ্যের সিনিয়র আমলারা মুখ্যমন্ত্রী কমলনাথের কথা শুনতেন না কারণ তাঁরা আরএসএস-এর প্রতিনিধি। তাঁদের যা বলা হতো, তা তাঁরা করতেই পারতেন না।

২ মার্চ পাণ্ডবেশ্বরের বিধায়ক তথা আসানসোলের প্রাক্তন মেয়র জিতেন্দ্র তিওয়ারি কয়েকমাসের টানাপড়েনের পর তৃণমূল থেকে বিজেপিতে যোগ দিলেন। প্রসঙ্গত, গতবছর ডিসেম্বরে জিতেন্দ্র আসানসোলের পুর প্রশাসক ও দলের পশ্চিম বর্ধমান জেলা সভাপতির পদ ছেড়ে দেন। এ দিন বৈদ্যবাটিতে বিজেপি-র জনসভায় পদ্মশিবিরে যোগ দিলেন তিনি।

দেশের ৭,৫০০ কিলোমিটার দীর্ঘ সমুদ্রতটের উন্নয়নের সঙ্গে প্রতিটি বড় সমুদ্রবন্দরে সৌর অথবা বায়ু-চালিত বিদ্যুৎব্যবস্থা গড়ে তোলার কথা ঘাষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মেরিটাইম ইন্ডিয়া সামিট ২০২১-এর উদ্বোধন করে তিনি জানান, কেন্দ্রীয় বন্দর ও জলপথ মন্ত্রক ৪০০টি প্রকল্প চিহ্নিত করেছে যেখানে ২.২৫ লক্ষ কোটি টাকা বিনিয়োগ হতে পারে। দেশের সমুদ্রতট বরাবর যে ১৮৯টি লাইটহাউস আছে সেগুলির মধ্যে ৭৮টি লাইটহাউস ঘিরে পর্যটনকেন্দ্র গড়ে তোলারও আশ্বাস দিয়েছেন মোদী।

নিগ্রহে অভিযুক্তের গুলিতে নির্যাতিতার বাবার মৃত্যুর ঘটনায় ফের শিরোনামে উঠে এল হাথরস। ২০১৮-য় এক তরুণীকে যৌন হেনস্থায় অভিযুক্ত গৌরব শর্মার বিরুদ্ধে অভিযোগ দলবল নিয়ে নির্যাতিতা তরুণীর বাবার উপর চড়াও হয়ে তাঁকে খুন করে তারা। উল্লেখ্য, নিজের রাজ্যে এই ঘটনা ঘটে যাওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই মালদার গাজোলে এক জনসভায় উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বাংলায় নারী-নিরাপত্তা ও আইন-শৃঙ্খলার সমালোচনায় সরব হন। দাবি করেন, তাঁর প্রশাসনের দাপটেই তটস্থ হয়ে রয়েছে অপরাধীরা। কিন্তু ততক্ষণে ভাইরাল হয়ে গিয়েছে হাথরসের এই নতুন ঘটনা।

চলতি ২০২০-২১ অর্থবর্ষে দেশের অর্থনীতি ৭ শতাংশেরও বেশি হারে সঙ্কুচিত হওয়ার পূর্বাভাস থাকলেও ২০২০ সালে বিশ্বে 'বিলিওনেয়ার' ক্লাবে ঢুকে পড়েছেন ভারতের ৪০ জন নতুন সদস্য। হুরুন ইন্ডিয়া রিপোর্টে এদিন এমনই দাবি করা হয়েছে। দেখা যাচ্ছে দেশে অতিমারীর মধ্যেও ২০২০ সালে ২৪ শতাংশ সম্পত্তি বাড়িয়ে দেশের ধনীতম ব্যক্তির তকমা ধরে রেখেছেন রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ কর্ণধার মুকেশ আম্বানি। সমীক্ষকদের হিসেবে, ৬ লক্ষ কোটি টাকারও বেশি সম্পত্তি নিয়ে বর্তমানে বিশ্বের অষ্টম ধনীতম ব্যক্তি মুকেশ।

পাঁচ রাজ্যে ভোটের নির্ঘণ্ট ঘোষণা



২৬ ফেব্রুয়ারিঃ জাতীয় নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ, অসম, কেরালা তামিলনাড়ু ও পুদুচেরির বিধানসভা ভোটের সূচি ঘোষণা করল। নির্বাচন কমিশনার সুনীল অরোরা জানালেন, পশ্চিমবঙ্গে ভোট হবে ৮ দফায়। যা নজিরবিহীন। ২৭ মার্চ ভোট পর্ব শুরু হয়ে শেষ হবে ২৯ এপ্রিল। অতীতে জম্মু-কাশ্মীরের মতো অশান্ত রাজ্যেও এত দফায় ভোট হয়নি। অতি-স্পর্শকাতর বুথ বেশি হলেও অসমে ভোট ৩ দফায় হবে। কেরালা, তামিলনাড়ু ও পুদুচেরিতে ৬ এপ্রিল এক দফাতেই ভোট শেষ হবে।

মহিলারা বৈষম্যের শিকার, বলছে সমীক্ষা



২ মার্চঃ ৮৫ শতাংশ মহিলা কাজের ক্ষেত্রে বৈষম্যের শিকার, একটি সমীক্ষায় এ কথা জানাল, 'লিঙ্কড ইন অপরচুনিটি ইনডেক্স ২০২১'। ভারতীয় মহিলাদের উপর সমীক্ষা চালিয়ে এই তথ্য উঠে এসেছে। এশীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে তা ৬০ শতাংশ। ওই রিপোর্টে বলা হয়েছে, প্রতি ৫ জনে ৪ জনের বেশি মহিলা জানিয়েছেন, পদোন্নতি আটকে দেওয়া, ঠিকমতো মাইনে না বাড়ানো বা চাকরিই দেওয়া হয়নি তাঁরা মেয়ে বলে। তবে এ ধরনের সমীক্ষা নতুন নয়। এর আগেও 'ওয়ার্ল্ড ইকনমিক ফোরাম', ম্যাকিনসের যে সব রিপোর্ট প্রকাশিত হয়েছে, সেখানেও ভারতে এই ভয়াবহ বৈষম্যের চিত্র উঠে এসেছে।

দিল্লি সরকারে ৭৬৩

ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার-সহ বিভিন্ন পদে ১,১২৬ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে দিল্লি জল বোর্ড, পরিবহণ নিগম, প্রশিক্ষণ এবং কারিগরি শিক্ষা-সহ বিভিন্ন বিভাগ ও অফিসে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ৭৬৩টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/21.

শূন্যপদের বিবরণ: **স্পেশ্যাল এডুকেটর (প্রাইমারি)**: পোস্ট কোড 32/21: শূন্যপদ: ৪৮৭টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা। এর পাশাপাশি সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্টে পাশ করে থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (সিভিল): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক। কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট: পোস্ট কোড 12/21: শূন্যপদ: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি পড়ে থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট: পোস্ট কোড 13/21: শূন্যপদ: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক, অন্যতম প্রধান বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। সঙ্গে কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি পাশ অথবা কোনও ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট বা ওয়াটার অ্যান্ড সুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্টে কেমিক্যাল অ্যানালিসিস-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/ মেকানিক্যাল): পোস্ট কোড 14/21: শূন্যপদ: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল): পোস্ট কোড 15/21: শূন্যপদ: ২৭টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

ড্রাফটসম্যান গ্রেড-১: পোস্ট কোড 16/21: শূন্যপদ: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্টশিপে ডিপ্লোমা, সঙ্গে অটোক্যাড-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা মাধ্যমিক, সঙ্গে ড্রাফটসম্যানশিপে ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট: পোস্ট কোড 17/21: শূন্যপদ: ৩৬টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে ইংরেজি বা হিন্দিতে প্রতি মিনিটে ১০০টি শব্দ লেখার দক্ষতা থাকতে হবে। স্টেনোগ্রাফি টেস্টে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৪০ মিনিটে বা হিন্দিতে ৫৫ মিনিটে টাইপ করতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

ফার্মাসিস্ট (আয়ুর্বেদ): পোস্ট কোড 18/21: শূন্যপদ: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে উপবৈদ্য বা ভেষজ কল্পক কোর্সে অন্তত ২ বছরের ট্রেনিং নিয়ে থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

ফার্মাসিস্ট (ইউনানি): পোস্ট কোড 19/21: শূন্যপদ: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইউনানি ফার্মাসিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

ফার্মাসিস্ট (হোমিওপ্যাথি): পোস্ট কোড 20/21: শূন্যপদ: ১৯টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে হোমিওপ্যাথি ফার্মাসিতে অন্তত ২ বছর মেয়াদের ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু: পোস্ট কোড 22/21: শূন্যপদ: ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৬ মাস মেয়াদের কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স পাশ। অথবা অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ স্নাতক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

জুনিয়র স্টেনোগ্রাফার (ইংলিশ): পোস্ট কোড 23/21: শূন্যপদ: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দ লেখা এবং কম্পিউটারে প্রতি মিনিটে ৫০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। স্টেনোগ্রাফি টেস্টে ১০ মিনিট ধরে ডিক্টেশন দেওয়া হবে। স্নাতকদের অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

সিকিউরিটি সুপারভাইজর (পুরুষ): পোস্ট কোড 26/21: শূন্যপদ: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। দৈহিক মাপজোক: উচ্চতা ১৭০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ ও ৮৫ সেমি হতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান: পোস্ট কোড 27/21: শূন্যপদ: ৬৪টি। শিক্ষাগত যোগ্যতা: অটোমোবাইল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে অ্যাপ্রেন্টিসশিপ ও ট্রেনিং-সহ ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ফিল্টার সুপারভাইজর: পোস্ট কোড 29/21: শূন্যপদ: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

প্রোগ্রামার: পোস্ট কোড 30/21: শূন্যপদ: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট, এর পাশাপাশি কম্পিউটারে প্রতি ঘণ্টায় ৮,০০০ কী ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ডেফ অ্যান্ড ডাম্ব): পোস্ট কোড 31/21 শূন্যপদ: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে স্পেশ্যাল এডুকেশন (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট)-এ বি এড। অথবা বি এড (জেনারেল), সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট) ১ বছরের ডিপ্লোমা। অথবা বি এড (জেনারেল), সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট) ২ বছরের ডিপ্লোমা বা স্পেশ্যাল এডুকেশন (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট)-এ স্নাতকোত্তর প্রফেশনাল ডিপ্লোমা কোর্স পাশ। অথবা স্পেশ্যাল এডুকেশনে বি এড, সঙ্গে হিয়ারিং ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ স্পেশ্যাল এডুকেশনে পোস্ট-গ্র্যাজুয়েট প্রফেশনাল সার্টিফিকেট কোর্স পাশ। অথবা শ্রবণশক্তি রহিত ছাত্রছাত্রীদের শিক্ষকতার সিনিয়র ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

সব ক্ষেত্রেই ১৪-৪-২০২১ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৪ এপ্রিল পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত এবং প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: http://dsssb.delhi.gov.in

ভারত ডায়নামিক্সে চাকরি

৭০ জন প্রোজেক্ট ইঞ্জিনিয়ার ও প্রোজেক্ট অফিসার নেবে ভারত ডায়নামিক্স। মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, সিভিল, এইচ আর, ফিনান্স-সহ বিভিন্ন শাখা ও বিভাগে প্রার্থীদের নিয়োগ করা হবে সংস্থার তেলঙ্গানা ও অন্ধ্রপ্রদেশের বিভিন্ন ইউনিটে। প্রাথমিক ভাবে এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চার বছর পর্যন্ত চুক্তির মেয়াদ বাড়াতে পারে।

শূন্যপদের বিন্যাস: **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার**: মোট শূন্যপদ ৫৫টি (মেকানিক্যাল ২৪টি, ইলেক্ট্রনিক্স ২২টি, ইলেক্ট্রিক্যাল ১টি, কম্পিউটার ১টি, সিভিল ৩টি, এস এ পি/ই আর পি নেটওয়ার্ক ৪টি)। **শিক্ষাগত যোগ্যতা**: সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং বা ইন্টিগ্রেটেড এম ই বা এম টেক।

প্রোজেক্ট অফিসার: মোট শূন্যপদ ১৫টি (এইচ আর ৭টি, ফিনান্স ৪টি, বিজনেস ডেভেলপমেন্ট ৪টি)। **শিক্ষাগত যোগ্যতা**: হিউম্যান রিসোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) এম বি এ বা এম এস ডব্লু অথবা ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা সমতুল কোর্স পাশ।

ফিনান্সের ক্ষেত্রে সি এ বা আই সি ডব্লু এ অথবা এ আই এম এ স্বীকৃত প্রতিষ্ঠান

এরপর আটের পাতায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

ডব্লু বি সি এস প্রিলিমিনারি

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংখ্যার পর

91. 'ওয়ার্ল্ড ওয়েটল্যান্ডস ডে 2020'-এর থিম কী?
(a) Wetlands and Climate Change (b) Wetlands for Disaster Risk Reduction (c) Wetlands for a Sustainable Development (d) Wetlands and Bio-diversity
92. কোন মহাকাশ গবেষণা সংস্থা 16 বছর পরে তাদের Spitzer Space Telescope প্রকল্প বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে?
(a) FSA (b) JAXA (c) NASA (d) ISRO
93. সম্প্রতি কোন হাই অল্টিটিউড লং এনডিওরেন্স সোলার পাওয়ার্ড আনম্যানড এয়ারক্রাফটের সফল পরীক্ষণ হয়েছে?
(a) PHASA-15 (b) PHASA-25 (c) PHASA-35 (d) PHASA-45
94. কোন ভারতীয় নৌবাহিনীর জাহাজ শ্রীলঙ্কার নৌবাহিনীর সঙ্গে যৌথভাবে ওই দেশের দক্ষিণ-পশ্চিম উপকূলে যৌথ হাইড্রোগ্রাফিক সমীক্ষা করেছে?
(a) আই এন এস শিবালিক (b) আই এন এস বিক্রমাদিত্য (c) আই এন এস সহ্যাদ্রি (d) আই এন এস যমুনা
95. কোন ব্যক্তি নিউ স্পেস ইন্ডিয়া লিমিটেড (NSIL)-এর চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হয়েছেন?
(a) এস কে মিত্র (b) এ এস কিরণকুমার (c) কি এন সুরেশ (d) জি নারায়ণম
96. ভারত ও কোন দেশের মধ্যে যৌথ সামরিক মহড়া 'Ajeya Warrior' সম্পন্ন হয়েছে?
(a) জাপান (b) ইজরায়েল (c) ব্রিটেন (d) ফ্রান্স
97. ব্রাজিলের একজন বিজ্ঞানী কৃত্রিম হ্রদ পামপুলহাতে একটি আশ্চর্যজনক ভাইরাস খুঁজে পেয়েছেন। এটির কী নামকরণ করা হয়েছে?
(a) করোনা ভাইরাস (b) ইয়ারা ভাইরাস (c) অ্যাট্রো ভাইরাস (d) লুজো ভাইরাস
98. সদ্য প্রয়াত কিংবদন্তী ফুটবলার চুনি গোস্বামী কোথায় অনুষ্ঠিত এশিয়ান গেমসের স্বর্ণপদক বিজয়ী ফুটবল দলের নেতৃত্ব দিয়েছিলেন?
(a) সাও পাওলো (b) টোকিও (c) জাকার্তা (d) বেজিং
99. কোন তরুণী সবচেয়ে কমবয়সী পর্বতারোহী হিসেবে দক্ষিণ আমেরিকার সর্বোচ্চ শৃঙ্গ আর্জেন্টিনার মাউন্ট অ্যাকনকাগুয়া আরোহণ করেছেন?
(a) মালাভাত পূর্ণা (b) বাচেন্দ্রী পাল (c) কাম্যা কার্তিকেয়ন (d) অরুনিমা সিনহা
100. 2020 সালের অস্ট্রেলিয়ান ওপেন টুর্নামেন্ট কোন খেলোয়াড় পুরুষদের সিঙ্গলস খেতাব জিতেছেন?
(a) রজার ফেডেরার (b) ডোমিনিক থেইম (c) নোভাক জোকোভিচ (d) রাফায়েল নাদাল
101. নীচের কোনগুলির মধ্যে কোনটিতে দেহের অন্যাক্রম্যতন্ত্র ভেঙে পড়ে?
(a) ডায়াবেটিস (b) AIDS (c) কালাজ্বর (d) ডাইরিয়া
102. কোন অমেরুদণ্ডী প্রাণীর রক্ত লাল বর্ণের?
(a) স্পঞ্জ (b) হাইড্রা (c) কেঁচো (d) শামুক
103. বিগ-ব্যাং (Big Bang) থিয়োরি বিবৃত করে:
(a) ব্রহ্মাণ্ডের সৃষ্টি (b) সূর্যের সৃষ্টি (c) মাধ্যাকর্ষণ সৃষ্টি (d) অনুজীবের সৃষ্টি
104. কোন স্তন্যপায়ী ডিম পাড়ে?
(a) ডলফিন (b) হংসচঞ্চু (c) তিমি (d) ডুগং
105. সি এন জি (CNG)-র অর্থ হল:
(a) কনভারটেড ন্যাচরাল গ্যাস (b) কনডিউসড ন্যাচারাল গ্যাস (c) কনডাকটেড ন্যাচরাল গ্যাস (d) কমপ্রেসড ন্যাচরাল গ্যাস
106. রুপো হল ——— সর্বোৎকৃষ্ট বাহক।
(a) খনিজের (b) শক্তির (c) তাপের (d) বিদ্যুতের
107. অ্যাথলিট ফুট বা ক্রীড়াবিদের পাদদেশ হল এক ধরনের ফাঙ্গাল সংক্রমণ যার কারণ হল:
(a) পেনিসিলিন (b) ট্রাইকোফাইটন (c) এপিডার্মোফাইটিন (d) ক্যানভিজ অ্যালবিকানস
108. AIDS নির্ণয়ের জন্য ডাক্তারি পরীক্ষাটির নাম:
(a) ESR (b) TMT (c) PCR (d) ELISA
109. সাধারণ তাপমাত্রায় সব ধাতু কঠিন অবস্থায় পাওয়া যায়, ব্যতিক্রম হল:
(a) রুপো (b) পারদ (c) সোনা (d) প্ল্যাটিনাম
110. ভারতের শিল্পের জন্য নির্মিত প্রথম রোবটের নাম কী?
(a) COMAU (b) FANUE (c) BRABO (d) MOTOMAN
111. কম্পিউটারের প্রথম ভাষা ছিল:
(a) PASCAL (b) FOXPRO (c) COBOL (d) FORTRAN
112. 'লাইট ইয়ার' হল কীসের একক?
(a) সময় (b) দূরত্ব (c) আলো (d) আলোর ঘনত্ব
113. লবণাক্ত জলে উৎপন্ন চারাগাছকে বলে:
(a) মেসোফাইট (b) থ্যালোফাইট (c) হ্যালোফাইট (d) হাইড্রোফাইট
114. গাড়ির হেডলাইটে যে দর্পণ ব্যবহার করা হয়, তা হল:
(a) গোলাকার অবতল দর্পণ (b) অধিবৃত্তাকার অবতল দর্পণ (c) সমতল দর্পণ (d) গোলাকার উত্তল দর্পণ
115. টেলিযোগাযোগের জন্য কোন ধরনের তরঙ্গ ব্যবহার করা হয়?
(a) মাইক্রোতরঙ্গ (b) 'X' রশ্মি (c) অবলোহিত রশ্মি (d) অতিবেগুনি রশ্মি
116. রোগ সংক্রমণকারী (বাহনকারী) পতঙ্গদের বলা হয়:
(a) ভেক্টর (b) কন্ডাক্টর (c) ট্রান্সমিটার (d) ড্রোনস
117. মানবদেহের কোন টিস্যুটি শরীরের 79তম অঙ্গ?
(a) মেসেনট্রি (b) এডিনয়েডস (c) কোলন (d) ভালবা
118. ইলেকট্রো কার্ডিওগ্রাম পরীক্ষাটির কাজ কী?
(a) এটা পায়ের কাজকে মাপে (b) এটা রক্তচলাচলকে মাপে (c) এটা মস্তিষ্ক কোষকে মাপে (d) এটা হৃদয় স্পন্দনকে মাপে
119. নীচের কোন জোড়া ঠান্ডা রক্তের প্রাণীদের শ্রেণিভুক্ত?
(a) পাখি ও বানর (b) সাপ ও পাখি (c) ব্যাঙ ও সাপ (d) ইঁদুর ও গিরগিটি
120. কোন ভিটামিন মানুষের প্রস্রাবের সঙ্গে নির্গত হয়?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-D (c) ভিটামিন-C (d) ভিটামিন-A & D
121. থাইরক্সিন গ্রন্থির কম ক্ষরণে হয়:
(a) মিক্সিডিমা (b) গ্রেভস বর্ণিত রোগ (c) গলগণ্ড (d) এক্সঅপথালমিক গলগণ্ড
122. করোটি স্নায়ুর সংখ্যা (মানবদেহে):
(a) 12টি (b) 12 জোড়া (c) 31টি (d) 31 জোড়া
123. বীজহীন ফল উৎপন্ন করতে ব্যবহৃত হরমোনটি হল:
(a) জিব্বারেলিন (b) অক্সিন (c) ইথিলিন (d) সাইটোকাইনিন
124. লালারসে উপস্থিত উৎসেচকটির নাম:
(a) ইরেপসিন (b) কাইমোট্রিপসিন (c) টায়ালিন (d) ট্রিপসিন
125. আংশিক মূল পরজীবী হল:
(a) বাঁশ গাছ (b) চন্দন গাছ (c) ছত্রাক (d) সাইকাস
126. সোনালি চতুর্ভুজের কোন বাহুটির দৈর্ঘ্য সর্বাধিক?
(a) কলকাতা-দিল্লি (b) দিল্লি-মুম্বই (c) মুম্বই-চেন্নাই (d) চেন্নাই-কলকাতা
127. 'Inland Water ways Authority of India? কত সালে স্থাপিত হয়?
(a) 1995 (b) 1986 (c) 1921 (d) 1948
128. ভারতের কোন শহরটিতে পাতাল রেল নেই?
(a) কলকাতা (b) বেঙ্গালুরু (c) দিল্লি (d) জয়পুর
129. ভারত থেকে বিদেশে বিমান চলাচল পরিষেবা প্রদানকারি সংস্থা কোনটি?
(a) ইন্ডিয়ান এয়ারলাইন্স (b) পবণ হংস (c) এয়ার ইন্ডিয়া (d) বায়ুদূত
130. পৃথিবীর বৃহত্তম ডাক-ব্যবস্থা কোন দেশে গড়ে উঠেছে?
(a) আমেরিকা যুক্তরাষ্ট্র (b) কানাডা (c) জাপান (d) ভারত
131. ভারতের সর্বাধিক যাত্রী বহনকারী রেলপথ কোনটি?
(a) পশ্চিম রেলপথ (b) দক্ষিণ রেলপথ (c) মধ্য রেলপথ (d) দক্ষিণ-পূর্ব রেলপথ
132. সড়কপথের দৈর্ঘ্য ভারতের স্থান পৃথিবীতে কোথায়?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
133. ভারতের ব্যস্ততম জাতীয় সড়ক কোনটি?
(a) NH-5 (b) NH-8 (c) NH-7 (d) NH-46
134. নিশান ট্রাক ও জিপ ভারতের কোন শহর নির্মাণ করে?
(a) কলকাতা (b) জব্বলপুর (c) চেন্নাই (d) বেঙ্গালুরু
135. অস্তাচলের শিল্প (Sunset Industry) কোন শিল্পকে বলা হয়?
(a) লৌহ-ইস্পাত (b) পাট শিল্প (c) কার্পাস বয়ন (d) তথ্যপ্রযুক্তি
136. Tech city কোন শহরকে বলা হয়?
(a) মুম্বই (b) পুনে (c) বেঙ্গালুরু (d) চেন্নাই
137. নীচের কোনটি ভারতের প্রাচীনতম ইস্পাত কারখানা?
(a) TISCO (b) IISCO (c) VISL (d) DSP
138. সোনালি চতুর্ভুজের মোট দৈর্ঘ্য কত?
(a) 6842 কিমি (b) 5846 কিমি (c) 5533 কিমি (d) 5961 কিমি
139. উত্তর ও দক্ষিণ করিডর কোন দু'টি স্থানের মধ্যে সংযোগসাধন করেছে?
(a) দিল্লি-কলকাতা (b) শ্রীনগর-কন্যাকুমারি (c) শ্রীনগর-চেন্নাই (d) কলকাতা-কন্যাকুমারি
140. ভারতে কোন সংস্থা হেলিকপ্টার পরিষেবা প্রদান করে?
(a) কলকাতা (b) বেঙ্গালুরু (c) দিল্লি (d) জয়পুর
141. ভারতের দীর্ঘতম মেট্রোরেল কোন শহরে অবস্থিত?
(a) কলকাতা (b) মুম্বই (c) চেন্নাই (d) দিল্লি
142. পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গটি কোন পর্বতশ্রেণির অন্তর্গত?
(a) দার্জিলিং (b) সিঙ্গালিলা (c) জয়ন্তী (d) কোনওটিই নয়
143. তিস্তার পূর্বাংশে অবস্থিত সমতল ভূভাগ কী নামে পরিচিত?
(a) তরাই (b) ডুয়ার্স (c) ঢাল (d) বরেন্দ্রভূমি
144. নীচের কোন জেলাটি পশ্চিমবঙ্গের মালভূমি অঞ্চলের অংশ নয়?
(a) পশ্চিম মেদিনীপুর (b) বাঁকুড়া (c) পুরুলিয়া (d) পূর্ব মেদিনীপুর
145. নীচের কোন জেলাটি পশ্চিমবঙ্গের সক্রিয় ব-দ্বীপ অঞ্চলের অন্তর্গত?
(a) মালদা (b) নদিয়া (c) পর্ব মেদিনীপুর (d) দক্ষিণ ২৪ পরগনা
146. পশ্চিমবঙ্গের কোন জেলায় অধিক বালিয়াড়ি দেখা যায়?
(a) মালদা (b) পুরুলিয়া (c) পূর্ব মেদিনীপুর (d) দক্ষিণ ২৪ পরগনা
147. পুরুলিয়ার সর্বোচ্চ স্থান কোনটি?
(a) বিহারিনাথ (b) গোর্গাবুরু (c) বেলপাহাড় (d) বাঘমুন্ডি
148. পশ্চিমবঙ্গের নবীনতম জেলা কোনটি?
(a) আলিপুরদুয়ার (b) কালিম্পং (c) ঝাড়গ্রাম (d) পশ্চিম বর্ধমান
149. 'Himalayan Kingdom' সাগর মাথা প্রভৃতি নামে পরিচিত কোন দেশটি?
(a) নেপাল (b) ভুটান (c) বাংলাদেশ (d) চিন
150. পশ্চিমবঙ্গের চারদিকের রাষ্ট্র ও রাজ্যের সংখ্যা যথাক্রমে:
(a) 5, 3 (b) 5, 5 (c) 3, 5 (d) 3, 7
151. ভারতীয় পার্লামেন্টের যুগ্ম অধিবেশন (Joint Sitting of the two Houses) প্রথম কবে অনুষ্ঠিত হয়েছিল?
(a) 1952 (b) 1958 (c) 1961 (d) 1978
152. ভারতের মূল সংবিধানে রাষ্ট্রের নির্দেশমূলকনীতির (Directive Principles of State Policy) সংখ্যা ক'টি ছিল?
(a) 10টি (b) 12টি (c)13টি (d) 15টি
153. মুদালিয়ার কমিশন কীসের জন্য গঠিত হয়েছিল?

- এরপর সাতের পাতায়

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. একটি জলপূর্ণ পাত্রের ওজন 9.5 কিলোগ্রাম। অর্ধজলপূর্ণ পাত্রের ওজন 5.5 কিলোগ্রাম। শূন্য পাত্রের ওজন (কিলোগ্রামে):
(a) 4 (b) 1.5 (c) 2 (d) 3.5
2. কোনটির স্থিতিস্থাপকতা সবচেয়ে বেশি?
(a) কাচ (b) রবার (c) ইস্পাত (d) স্পঞ্জ
3. মুসলিম লিগ গঠিত হয়:
(a) 1906 সালে (b) 1900 সালে (c) 1940 সালে (d) 1890 সালে
4. মার্বেল কোন জাতীয় শিলা?
(a) পাললিক শিলা (b) রূপান্তরিত শিলা (c) আগ্নেয় শিলা (d) গ্রানাইট শিলা
5. আলোকবর্ষ নীচের কোন রশ্মির একক?
(a) দূরত্ব (b) আলোর তীব্রতা (c) সময় (d) শক্তি
6. প্রশ্নবোধক (?) স্থানে কী বসবে?
CAT : DDY : : BIG : ?
(a) CLL (b) CLM (c) CML (d) CEP
7. 48 কিলোমিটার তফাতে দু'টি শহর থেকে দুই বন্ধু ঘণ্টায় 5 কিলোমিটার ও 7 কিলোমিটার বেগে রওনা হল, এরা মিলিত হয়:
(a) 4 ঘণ্টায় (b) 5 ঘণ্টায় (c) 6 ঘণ্টায় (d) 7 ঘণ্টায়
8. 85 : 42 : : 139 : ?
(a) 68 (b) 69 (c) 70 (d) 67
9. ট্যাক্সিতে ভ্রমণের প্রথম 2 কিলোমিটার দূরত্বের ভাড়া 16 টাকা এবং পরবর্তী প্রতি 200 মিটার দূরত্বের জন্য ভাড়া 1.50 টাকা। ট্যাক্সিতে 48 কিলোমিটার দূরত্ব ভ্রমণের জন্য ভাড়া:
(a) 64 টাকা (b) 61 টাকা (c) 60 টাকা (d) 56 টাকা
10. 'সাইলেন্ট ভ্যালি' কোথায় অবস্থিত?
(a) বিহার (b) উত্তরপ্রদেশ (c) কেরল (d) তামিলনাড়ু
11. 12 বছর আগে পিতার বয়স কন্যার বয়সের 3 গুণ ছিল, তাদের বর্তমান বয়সের সমষ্টি 72 বছর, পিতার বর্তমান বয়স:
(a) 46 বছর (b) 48 বছর (c) 40 বছর (d) 44 বছর
12. শিবাজির রাজ্যাভিষেক কোথায় অনুষ্ঠিত হয়?
(a) পুনে (b) রায়গড় (c) সুরাট (d) সিংহগড়
13. রাণা প্রতাপ মুঘলদের দ্বারা কোন যুদ্ধে (1576 সালে) পরাজিত হন?
(a) চিতোর (b) উদয়পুর (c) সামুগড় (d) হলদিঘাট
14. 11, 13, 17, 19, 23, 25, ? .
(a) 26 (b) 27 (c) 29 (d) 33
15. যে পদার্থ গলিত অবস্থায় তড়িৎ পরিবহণ করতে পারে তা হল:
(a) সুক্রোজ (b) ইউরিয়া (c) সাধারণ লবণ (d) গ্লুকোজ
16. কোন সুলতান রেশনিং ব্যবস্থা প্রবর্তন করেন?
(a) আলাউদ্দিন খলজি (b) মহম্মদ বিন তুঘলক (c) ফিরোজ তুঘলক (d) গিয়াসুদ্দিন বলবন
17. 228 টাকায় একটি দ্রব্য বিক্রয় করে এক বিক্রেতার 5% ক্ষতি হল, 10% লাভ করতে হলে ওই দ্রব্যটির বিক্রয়মূল্য হবে:
(a) 248 টাকা (b) 252 টাকা (c) 260 টাকা (d) 264 টাকা
18. কাকে বলা হত 'ভারতের সর্বাধিক বৃদ্ধ মানুষ'?
(a) সি রাজাগোপালাচারী (b) চিত্তরঞ্জন দাশ (c) দাদাভাই নওরোজি (d) সুরেন্দ্রনাথ ব্যানার্জি
19. মিশ্র কৃষি বলতে বোঝায়:
(a) একই সঙ্গে একই সময়ে দু'টি আলাদা চাষ (b) সার ও কীটনাশকের প্রয়োগে চাষ (c) পরপর দু'টি আলাদা শস্যের চাষ (d) একই জমিতে প্রতি বছর আলাদা আলাদা শস্যের চাষ
20. দু'টি ক্রমিক ধনাত্মক পূর্ণসংখ্যার বর্গের বিয়োগফল 81, বৃহত্তর সংখ্যাটি:
(a) 39 (b) 40 (c) 41 (d) 42
21. পশ্চিমবঙ্গের লাল মাটি অঞ্চলের নাম:
(a) বারেন্দ্র (b) রাঢ় (c) ভাবর (d) টাঁড়
22. মানুষের শরীরের সবচেয়ে ছোট হাড় কোনটি?
(a) স্টেপিস (b) ম্যালিয়াস (c) মিচিগান (d) ইনকাস
23. আলোক তরঙ্গ ধর্মের সাহায্যে নীচের কোন ঘটনাটি ব্যাখ্যা করা যায় না?
(a) ব্যতিচার (b) সমবর্তন (c) অপবর্তন (d) আলোকতড়িৎ ক্রিয়া
24. যদি $2 \times 2 = 16, 2 \times 3 = 36, 2 \times 4 = 64$, তাহলে $2 \times 6 = ?$
(a) 72 (b) 80 (c) 96 (d) 144
25. দু'টি সংখ্যার যোগফল 729; ক্ষুদ্রতর সংখ্যাটি 57; তাহলে তাদের বিয়োগফল হয়:
(a) 672 (b) 600 (c) 615 (d) 650
26. নাথু লা পাস অবস্থিত:
(a) কুমায়ুন হিমালয়ে (b) সিকিম হিমালয়ে (c) নেপাল হিমালয়ে (d) ভুটান হিমালয়ে
27. অস্কার পুরস্কার দেওয়া হয় কোন ক্ষেত্রে কৃতিত্বের জন্য?
(a) আমোদ-প্রমোদ (b) গান (c) সিনেমা (d) অভিনয়
28. (2 | 5 | 1) : 64 : : (4 | 3 | 7) : ?
(a) 169 (b) 324 (c) 81 (d) 196
29. কোন বিজ্ঞানী প্রথম বলেন যে পৃথিবী সূর্যের চারিদিকে ঘুরছে?
(a) নিউটন (b) আইনস্টাইন (c) ডালটন (d) কোপারনিকাস
30. তরাইনের যুদ্ধ মহম্মদ ঘোরি এবং কার মধ্যে হয়েছিল?
(a) রানা সঙ্গ (b) রানা প্রতাপ (c) পৃথ্বীরাজ চৌহান (d) বাল গঙ্গাধর তিলক
31. সুলতানি আমলে কোন বাঙালি কবিকে 'গুণরাজ খাঁ' উপাধিতে ভূষিত করা হয়েছিল?

এরপর সাতের পাতায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

ডব্লু বি সি এস প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

(a) বিশ্ববিদ্যালয় শিক্ষা (b) প্রাথমিক শিক্ষা (c) মাধ্যমিক শিক্ষা (d) প্রাথমিক শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা

154. ভারতীয় পার্লামেন্টে জিরো আওয়ার (Zero Hour) কোন সময় থেকে শুরু হয়?
(a) দুপুর 12টা থেকে (b) দুপুর 1টা থেকে (c) দুপুর 2টো থেকে (d) বিকেল 3টা থেকে

155. নবগঠিত গ্রাম পঞ্চায়েতের প্রথম সভা কে আহ্বান করেন?
(a) গ্রামপ্রধান (b) সভাধিপতি (c) জেলাশাসক (d) ব্লক উন্নয়ন আধিকারিক

156. ভারতীয় সংবিধানের 29-30 ধারায় কোন মৌলিক অধিকারটি বর্ণিত হয়েছে?
(a) সাম্যের অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) সংস্কৃতি ও শিক্ষার অধিকার (d) কোনওটিই নয়

157. কোন ধারার সাহায্যে ভারতীয় সুপ্রিম কোর্ট নাগরিকদের মৌলিক অধিকার রক্ষা করে থাকেন?
(a) 32 ধারা (b) 226 ধারা (c) 370 ধারা (d) 375 ধারা

158. ভারতীয় সংবিধানের কোন ধারায় নির্বাচন কমিশন (Election Commission) গঠনের কথা বলা হয়েছে?
(a) 324 ধারা (b) 325 ধারা (c) 326 ধারা (d) 330 ধারা

159. ভারতীয় সংবিধানের কোন ধারায় নাগরিকদের ভোটাধিকার প্রদান করা হয়েছে?
(a) 324 ধারা (b) 330 ধারা (c) 326 ধারা (d) 328 ধারা

160. নাগাল্যান্ড রাজ্যটি কত সালে সৃষ্টি করা হয়?
(a) 1956 (b) 1962 (c) 1978 (d) 1973

161. গোয়া কবে দমন ও দিউ থেকে পৃথক হয়ে রাজ্যের মর্যাদা পায়?
(a) 1992 (b) 1987 (c) 1997 (d) 1998

162. শ্রী মোরারজি দেশাই যখন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন তখন রাষ্ট্রপতি কে ছিলেন?
(a) নীলম সঞ্জীব রেড্ডি (b) জ্ঞানী জৈল সিং (c) রামস্বামী ভেঙ্কটরমন (d) ডঃ শঙ্করদয়াল শর্মা

163. ভারতের প্রথম অস্থায়ী বা Acting রাষ্ট্রপতি কে?
(a) ডঃ জাকির হোসেন (b) ভি ভি গিরি (c) মহম্মদ হিদায়েতুল্লা (d) বি ডি জাত্তি

164. সুপ্রিম কোর্টের কোন বিচারপতি অস্থায়ীভাবে রাষ্ট্রপতির পদে আসীন হয়েছিলেন?
(a) ভি ভি গিরি (b) বি ডি জাত্তি (c) মহম্মদ হিদায়েতুল্লা (d) কেউই নন

165. ভারতে প্রথম অস্থায়ী বা Acting প্রধানমন্ত্রী কে ছিলেন?
(a) জওহরলাল নেহরু (b) গুলজারিলাল নন্দ (c) ইন্দিরা গান্ধী (d) রাজীব গান্ধী

166. কোন দেশের মানব সম্পদ উন্নয়নের মান 0.8–1 এর মধ্যে হলে বলা যেতে পারে:
(a) দেশটি মানব উন্নয়নের নিম্নস্তরে আছে (b) মানব উন্নয়নের মাঝামাঝি স্তরে আছে (c) মানব উন্নয়নের সর্বোচ্চ স্তরে আছে (d) দেশটি অর্থনৈতিক উন্নয়নের শুরুর পর্যায়ে আছে

167. একটি অর্থনীতিতে বৃদ্ধির হার সাধারণত যার মাধ্যমে নির্ধারিত হয় তা হল:
(a) মোট জাতীয় উৎপাদান (b) মোট অভ্যন্তরীণ উৎপাদান (c) সরকারের নেট রাজস্বের পরিমাণ (d) কোনওটিই নয়

168. একটি দেশের জনগণের জীবন ধারনের মান নির্ধারিত হয় যার দ্বারা:
(a) জাতীয় আয় (b) প্রকৃত মাথাপিছু আয় (c) দারিদ্র্যরেখা (d) বেকারত্বের হার

169. ভারতের অর্থনীতিবিদদের মধ্যে সর্বপ্রথম কে জাতীয় আয়ের ওপর কাজ শুরু করেন?
(a) অধ্যাপক সুখময় চক্রবর্তী (b) অধ্যাপক রাজকৃষ্ণ (c) ভি কে আর ভি রাও (d) জগদীশ ভাগবতী

170. অর্থবিদ্যায় চুঁইয়ে পড়া প্রকল্পের উদ্যোক্তা হলেন:
(a) অ্যাডাম স্মিথ (b) আলফ্রেড মার্শাল (c) প্রশান্তচন্দ্র মহলনবিশ (d) কোনওটিই নয়

171. নীচের কোন দেশগুলি তৃতীয় বিশ্বের দেশ?
(a) পেট্রোল রপ্তানিকারী দেশগুলি (b) সার্কের অন্তর্ভুক্ত দেশগুলি (c) দক্ষিণ এশিয়ার দেশগুলি (d) ওপরের সবগুলি

172. সম্মিলিত জাতিপুঞ্জ সর্বপ্রথম কত সালে স্বল্পোন্নত দেশের ধারণার অবতারণা ঘটায়?
(a) 1945 (b) 1968 (c) 1970 (d) 1990

173. নীচের কোনটি বা কোনগুলি ভারতের মতো স্বল্পোন্নত দেশের বৈশিষ্ট্য?
(a) মাথাপিছু আয়ের স্বল্পতা (b) মূলধনের স্বল্পতা (c) মানব উন্নয়নের অপ্রতুলতা (d) ওপরের সবগুলি

174. বিশ্বের কোথায় সর্বাধিক স্বল্পোন্নত দেশগুলি আছে?
(a) এশিয়াতে (b) রাশিয়াতে (c) সাব-সাহারান আফ্রিকাতে (d) ইউরোপে

175. ভারতীয় অর্থনীতিতে জাতীয় আয় সাধারণত পরিমাপ করা হয়:
(a) উৎপাদন পদ্ধতিতে (b) আয় পদ্ধতিতে (c) উৎপাদন ও আয় পদ্ধতিতে (d) মূলত ব্যয় পদ্ধতিতে

176. 1, 5, 11, 19, 29, 41, 55, ?
(a) 68 (b) 70 (c) 82 (d) 71

177. —aab — caa —— bbca — b — c.
(a) abaab (b) cabab (c) bceaa (d) baaba

178. একব্যক্তি 12 কিলোমিটার পশ্চিমে গেলেন, তারপর 3 কিলোমিটার দক্ষিণে এবং তারপর 8 কিলোমিটার পূর্বে। প্রারম্ভিক বিন্দু থেকে তিনি কত দূরে অবস্থিত?
(a) 23 কিলোমিটার (b) 20 কিলোমিটার (c) 15 কিলোমিটার (d) 5 কিলোমিটার

179. যদি BOY = 42 এবং GIRL = 46 হয় তাহলে MAN = ?
(a) 54 (b) 34 (c) 28 (d) 20

180. নদী : শাখানদী : : কাণ্ড : ?
(a) ফুল (b) ফল (c) বিটপ (d) শাখা/ডাল

181. কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) কমলালেবু (b) কলা (c) আপেল (d) বেদানা

182. নীচের কোন চিত্রটি দ্বারা ডাক্তার, চিত্রশিল্পী ও সংগীতকারকে বোঝানো হচ্ছে?



183. Calf : Cow : : ? : Cat
(a) Puppy (b) Kitten (c) Calt (d) Cub

184.

5	4	2
6	9	1
4	2	8
240	144	?

(a) 34 (b) 28 (c) 30 (d) 32

185.

4	5	6
12	20	30
36	?	150
108	320	750

(a) 120 (b) 60 (c) 70 (d) 80

186. অজয় সোজা পূর্বদিকে হাঁটা শুরু করল। 75 মিটার হাঁটার পর বাঁদিকে ঘুরে সোজা 25 মিটার হাঁটল। আবার বাঁদিকে ঘুরে সোজা 40 মিটার হাঁটল। এরপর আবার বাঁদিকে ঘুরে 25 মিটার হাঁটল। সে এখন যাত্রা শুরুর স্থান থেকে কত দূরে অবস্থিত?
(a) 30 মিটার (b) 75 মিটার (c) 25 মিটার (d) 35 মিটার

187. DVFT, HRJP, LNNL, ?
(a) OJRH (b) PJRI (c) PJRG (d) RJRH

188. কোন ফুটবল টুর্নামেন্ট মোট 12টি টিমের প্রত্যেকটি টিম 3টি করে খেলায় অংশগ্রহণ করলে মোট ক'টি খেলা হবে?
(a) 12টি (b) 18টি (c) 36টি (d) 24টি

189. যদি '–' চিহ্নকে গুণ, × চিহ্নকে যোগ, + চিহ্নকে ভাগ এবং ÷ চিহ্নকে বিয়োগ বোঝায় তাহলে:
$14 - 10 \times 4 \div 16 + 8 = ?$
(a) 143 (b) 142 (c) 124 (d) 134

নির্দেশ: *P, Q, R, S, T, V, W, Y এবং Z গোল হয়ে কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। V, P-এর বাঁদিকে দ্বিতীয় স্থানে। P, Y-এর বাঁদিকে তৃতীয় স্থানে। S, P-এর বাঁদিকে চতুর্থ স্থানে। T, Q-এর ডানদিকে তৃতীয় স্থানে। Q, V-এর ঠিক ডানদিকে বসে আছে। W, Z-এর ডানদিকে চতুর্থ স্থানে আছে।*

190. নীচের বর্ণত্রয়ের মধ্যে প্রথমটি অপর দু'টির ঠিক মাঝখানে আছে:
(a) RSZ (b) YTW (c) WPQ (d) VZQ

191. $\tan\theta = \frac{4}{3}$ হলে, $\sqrt{\frac{1-\sin\theta}{1+\sin\theta}}$ -এর মান কত?
(a) $\frac{2}{3}$ (b) $-\frac{1}{3}$ (c) $\frac{1}{3}$ (d) $\frac{3}{4}$

192. একটি দ্রব্যকে 270 টাকায় বিক্রি করলে 12.5% লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 240 টাকা (b) 220 টাকা (c) 210 টাকা (d) 250 টাকা

193. দু'টি সংখ্যা তৃতীয় একটি সংখ্যার তুলনায় যথাক্রমে 30% এবং 37% কম। দ্বিতীয় সংখ্যাটি প্রথম সংখ্যার তুলনায় কত কম?
(a) 15% (b) 10% (c) 25% (d) 20%

194. অজয় ও বিজয়ের বয়সের অনুপাত 3 : 4। 5 বছর পরে তাদের বয়সের অনুপাত হবে 4 : 5। বিজয়ের বর্তমান বয়স কত?
(a) 15 বছর (b) 18 বছর (c) 20 বছর (d) 24 বছর

195. 11 জন ক্রিকেটারের গড় বয়স 20 বছর। যদি কোচের বয়স যোগ করা হয়, তবে তাদের বয়সের গড় 10% বৃদ্ধি পায়। কোচের বয়স কত?
(a) 48 বছর (b) 44 বছর (c) 40 বছর (d) 36 বছর

196. বার্ষিক সুদের হার কত হলে একই সুদের হারে 300 টাকার 4 বছরের সুদ ও 500 টাকার 3 বছরের সুদ একত্রে 162 টাকা হবে?
(a) 4% (b) 5% (c) 6% (d) 7%

197. একজন সাইক্লিস্ট 24 কিমি পথ 16 কিমি/ঘণ্টায় এবং 36 কিমি পথ 15 কিমি/ঘণ্টায় অতিক্রম করলে, সমগ্র যাত্রাকালে তার গড় বেগ কত ছিল?
(a) 15.38 কিমি/ঘণ্টা (b)16 কিমি/ঘণ্টা (c) 15.5 কিমি/ঘণ্টা (d) কোনওটিই নয়

198. 25 জন লোক এবং 10 জন বালক 6 দিনে যে পরিমাণ কাজ করে, সমপরিমাণ কাজ 21 জন লোক এবং 30 জন বালক 5 দিনে করে। একই কাজ 4 দিনে শেষ করতে গেলে 40 জন লোকের সঙ্গে কতজন বালক দরকার?
(a) 5 জন (b) 40 জন (c) 20 জন (d) 10 জন

199. P নল, Q নলের 4 গুণ ক্ষমতাসম্পন্ন। একটি চৌবাচ্চা Q নল দ্বারা খালি হতে যে সময় লাগে P নল দ্বারা খালি হতে 15 মিনিট কম সময় লাগে। একত্রে নলদু'টি দ্বারা পূর্ণ চৌবাচ্চা কতক্ষণে খালি হবে?
(a) 10 মিনিট (b) 4 মিনিট (c) 8 মিনিট (d) 6 মিনিট

200. 12 সেমি এবং 20 সেমি কর্ণবিশিষ্ট একটি রম্বসের ক্ষেত্রফল কত বর্গসেমি?
(a) 120 (b) 12 (c) 20 (d) 240

উত্তর

91(d), 92(c), 93(c), 94(d), 95(d), 96(c), 97(b), 98(c), 99(c), 100(c), 101(b), 102(b), 103(a), 104(b), 105(d), 106(d), 107(c), 108(d), 109(b), 110(c), 111(d), 112(b), 113(c), 114(b), 115(a), 116(a), 117(a), 118(d), 119(c), 120(c), 121(a), 122(b), 123(b), 124(c), 125(b), 126(d), 127(b), 128(d), 129(c), 130(d), 131(c), 132(b), 133(b), 134(b), 135(b), 136(c), 137(b), 138(b), 139(b), 140(d),

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

(a) জ্ঞানদাস (b) মালাধর বসু (c) গোবিন্দ দাস (d) চণ্ডীদাস

32. 2020 সালের বুকার পুরস্কার পেয়েছেন:
(a) মাইলস ফ্র্যাঙ্কলিন (b) ডগলাস স্টুয়ার্ট (c) থুনবার্গ (d) জেরিকো ব্রাউন

33. 700 টাকা A, B, C এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হল যাতে A ও B অংশের অনুপাত 2 : 3 এবং B ও C অংশের অনুপাত 4 : 5; A পাবে:
(a) 150 টাকা (b) 160 টাকা (c) 170 টাকা (d) 180 টাকা

34.



(a) 40 (b) 46 (c) 96 (d) 75

35. ধোয়ী কোন রাজার সভাকবি ছিলেন?
(a) লক্ষ্মণ সেন (b) প্রথম দেবপাল (c) শশাঙ্ক (d) বিজয় সেন

36. প্রশ্নবোধক (?) স্থানে কী বসবে?
1, 2, 6, 15, 40, ?
(a) 74 (b) 108 (c) 100 (d) 104

37. কোন সংখ্যার বর্গের সঙ্গে এর এক-চতুর্থাংশ যোগ করলে 147 হয়। সংখ্যাটি হল:
(a) 12 (b) 14 (c) 18 (d) 9

38. শূন্যস্থান পূর্ণ করুন:
Sunday, Monday, Wednesday, Saturday, Wednesday, Monday ____.
(a) Sunday, Sunday (b) Sunday, Monday (c) Sunday, Wednesday (d) Sunday, Saturday

39. কোন পত্রিকা বিশেষভাবে নীল বিদ্রোহের কথা তুলে ধরেছিল?
(a) হিন্দু প্যাট্রিয়ট (b) অমৃতবাজার পত্রিকা (c) ইন্ডিয়ান মিরর (d) সোমপ্রকাশ

40. 'সিলি পয়েন্ট' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেনিস (b) ক্রিকেট (c) ব্রিজ (d) গলফ

41.

1	2	9
3	4	?
5	6	341

(a) 19 (b) 35 (c) 91 (d) 121

শেষ জৈন তীর্থঙ্কর কে ছিলেন?
(a) মহাবীর (b) ঋষভনাথ (c) পার্শ্বনাথ (d) সরিপুত্ত

42. পশ্চিম ভারতের কৃষ্ণ মৃত্তিকাকে বলে:
(a) রেগুর (b) ল্যাটেরাইট (c) টেরারোসা (d) তরাই

43. ভারতীয় প্রজাতন্ত্রের প্রথমে নির্বাচিত রাষ্ট্রপতি হলেন:
(a) বল্লভভাই প্যাটেল (b) রাজেন্দ্রপ্রসাদ (c) রাজাগোপালাচারী (d) রাধাকৃষ্ণান

44. মান নির্ণয় করুন: $\sqrt{0.0016}$
(a) 0.4 (b) .04 (c) 0.8 (d) 4

45. প্রশ্নবোধক স্থানে (?) কী বসবে?



(a) 35 (b) 32 (c) 22 (d) 19

46. $\frac{(2.3)^3 + 0.027}{(2.3)^2 - 0.69 + 0.09}$ এর মান কত?
(a) 2.6 (b) 2 (c) 2.33 (d) 2.8

47. মান নির্ণয় করুন:
$\frac{0.796 \times 0.796 - 0.204 \times 0.204}{0.796 - 0.204}$
(a) 0.408 (b) 0.59 (c) 0.592 (d) 1

48. নীচের সিরিজটির শূন্যস্থানগুলি পরপর কোন বর্ণমালা দিয়ে পূর্ণ করলে তা একটি নির্দিষ্ট নিয়ম মেনে চলবে?
a __ a ___ abab ___ ba __
(a) bbab (b) abab (c) baab (d) abba

উত্তর

1(b), 2(c), 3(a), 4(b), 5(a), 6(a), 7(a), 8(b), 9(b), 10(c), 11(b), 12(b), 13(d), 14(c), 15(c), 16(a), 17(d), 18(c), 19(a), 20(c), 21(b), 22(a), 23(d), 24(d), 25(c), 26(b), 27(c), 28(d), 29(d), 30(c), 31(b), 32(b), 33(b), 34(c), 35(a), 36(d), 37(a), 38(a), 39(a), 40(b), 41(c), 42(a), 43(b), 44(b), 45(d), 46(a), 47(d), 48(a).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সাগর রায়

141(d), 142(b), 143(b), 144(d), 145(d), 146(c), 147(b), 148(d), 149(a), 150(c), 151(c), 152(c), 153(c), 154(a), 155(a), 156(c), 157(a), 158(a), 159(c), 160(b), 161(b), 162(a), 163(b), 164(c), 165(b), 166(c), 167(a), 168(b), 169(c), 170(a), 171(d), 172(b), 173(d), 174(c), 175(c), 176(d), 177(a), 178(d), 179(c), 180(d), 181(b), 182(c), 183(b), 184(d), 185(d), 186(d), 187(d), 188(b), 189(b), 190(d), 191(c), 192(a), 193(b), 194(c), 195(b), 196(c), 197(a), 198(d), 199(b), 200(a).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: অভিষেক রায়

কী পড়বেন, কোথায় পড়বেন

কমন ল অ্যাডমিশন টেস্ট ১৩ জুন

২০২১-২২ শিক্ষাবর্ষে আইনের ৫ বছর মেয়াদের ইন্টিগ্রেটেড স্নাতক এবং ১ বছর মেয়াদের স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য দেশজুড়ে কমন ল অ্যাডমিশন টেস্ট (ক্ল্যাট), ২০২০ আয়োজিত হবে ১৩ জুন (রবিবার)। এই পরীক্ষার মাধ্যমে কলকাতার দ্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অব জুরিডিক্যাল সায়েন্সেস-সহ সারা ভারতের ২২টি জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া যায়।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক। উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। স্নাতক স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, জেনারেল নলেজ-সহ কারেন্ট অ্যাফেয়ার্স, লিগ্যাল রিজনিং, লজিক্যাল রিজনিং এবং কোয়ান্টিটেটিভ টেকনিকস বিষয়ে। স্নাতকোত্তর স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কনস্টিটিউশনাল ল, জুরিসপ্রুডেন্স এবং অন্যান্য আইন-সংক্রান্ত বিষয়ে। উভয় ক্ষেত্রেই সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.consortiumofnlus.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিকভাবে অনগ্রসর (বি পি এল) প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিটেক আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এটি লিখে রাখবেন।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৪,০০০ টাকা (তফসিলি এবং বি পি এল প্রার্থীদের ক্ষেত্রে ৩,৫০০ টাকা)। অনলাইনে যথাযথভাবে পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। অনলাইন আবেদন-সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে নিখরচায় প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ

নিজস্ব প্রতিনিধি: নিখরচায় প্রাণিপালন ও প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ, মাশরুম চাষ-সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। ন্যূনতম মাধ্যমিক পাশ অবিবাহিত বেকার যুবকরা এই প্রশিক্ষণের জন্য আবেদন জানাতে পারেন। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক এবং ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্টের (ন্যাবার্ড) সঙ্গে যৌথ উদ্যোগে এই প্রশিক্ষণ দেওয়া হবে। এটি আবাসিক প্রশিক্ষণ।

প্রশিক্ষণ শুরু হবে ১৫ মে থেকে। প্রশিক্ষণের মেয়াদ ১০ মাস।

প্রশিক্ষণের বিষয়গুলি হল: (১) প্রাণিপালন ও প্রাথমিক চিকিৎসা, (২) হাঁস-মুরগি ও ছাগল পালন, (৩) মৎস্য চাষ ও কৃত্রিম প্রজনন, (৪) হর্টিকালচার ও নার্সারি ম্যানেজমেন্ট, (৫) কৃষি যন্ত্রপাতি পরিচিতি, (৬) মাশরুম চাষ, (৭) মৌমাছি পালন, (৮) খাদ্যপ্রক্রিয়াকরণ ও সংরক্ষণ (জ্যাম, জেলি, মধু, স্কোয়াশ, আচার,কাসুন্দি ও সস), (৯) সমাজবিদ্যা কৃষি ও সংশ্লিষ্ট বিষয় (বীজ উৎপাদন, মাটি পরীক্ষা, কেঁচো, সার ইত্যাদি), (১০) রঙিন মাছ চাষ এবং (১১) বিদেশি পাখি পালন।

আবেদনের যোগ্যতা: অন্তত মাধ্যমিক পাশ। গ্রামীণ দরিদ্র কৃষক পরিবারের প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ১-৪-২০২১ তারিখ অনুসারে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রশিক্ষণ শেষে প্রার্থীদের ব্যাঙ্ক থেকে ঋণ পেতে সাহায্য করা হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নিতে পারেন এই ওয়েবসাইট থেকে: https://www.rkmsssm.org/redp অথবা সরাসরি প্রতিষ্ঠান থেকেও আবেদনপত্র সংগ্রহ করা যেতে পারে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ এপ্রিল। প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, পোস্ট-বেলুড় মঠ, জেলা-হাওড়া, পিন কোড-৭১১২০২।

আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: https://www.rkmsssm.org প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৪৩২৪-৯১৪৪২, (০৩৩) ২৬৫৪-৮৯০৮/০৯ (সকাল ১০ থেকে বিকেল ৫টা)।

ভারত ডায়নামিক্সে চাকরি

পাঁচের পাতার পর

থেকে সমতুল কোর্স পাশ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) এম বি এ (ফিনান্স)।

বিজনেস ডেভেলপমেন্টের ক্ষেত্রে মার্কেটিং বা ফরেন ট্রেড বা সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) এম বি এ।

সব ক্ষেত্রেই প্রার্থীর এক বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

বয়স: ৫-৩-২০২১ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫, ও বি সি-রা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন। **বেতন:** প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা, ৩৩,০০০ টাকা, ৩৬,০০০ টাকা এবং ৩৯,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://bdl-india.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নার্সিং ও প্যারামেডিক্যালের ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ৪ জুলাই

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে নার্সিং, ফিজিওথেরাপি, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি-সহ বিভিন্ন বিষয়ের ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেনপস-২০২১' আয়োজিত হবে ৪ জুলাই (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। বি এসসি নার্সিং কোর্সের জন্য শুধুমাত্র মহিলারাই আবেদন করবেন।

কোর্সগুলি হল: বি এসসি নার্সিং, ফিজিওথেরাপি (বি পি টি), অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি (বি এ এস এল পি), মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (বি এম এল টি), ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (সি সি টি), অপারেশন থিয়েটার টেকনোলজি (ও টি টি), পারফিউশন টেকনোলজি (পি টি), ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট (পি এ) এবং হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন (এইচ এ)।

শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রির সঙ্গে বায়োলজি বা ম্যাথমেটিক্স বা কম্পিউটার সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স বা সাইকোলজি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। নার্সিং এবং অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি-র ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) এবং অন্যান্য শাখার ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স: ৩১-১২-২০২১ তারিখে অন্তত ১৭ বছরের হতে হবে। অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি-র ক্ষেত্রে ২৫ বছর এবং অন্যান্য বিষয়ের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে হতে হবে। নার্সিংয়ের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

মোট ২০০ নম্বরের পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: ফিজিক্স ও কেমিস্ট্রি এবং বায়োলজিক্যাল সায়েন্সেস। ফিজিক্স ও কেমিস্ট্রির পরীক্ষা নেওয়া হবে সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা এবং বায়োলজিক্যাল সায়েন্সেসের পরীক্ষা নেওয়া হবে দুপুর ২টো থেকে বিকেল সাড়ে ৩টে পর্যন্ত। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

দরখাস্তের সময় কম্পিউটারে স্ক্যান করে আপলোড করতে হবে এইসব নথি: প্রার্থীর রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), প্রয়োজনীয় নথিপত্র (পি ডি এফ ফর্ম্যাটে, ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। কনফার্মেশন পেজ ডাউনলোড করার শেষ তারিখ ২৯ মার্চ। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in